# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 07, 1433 Bangla, August 22, 2026, Saturday, No. 228, 56th year

# H I G H L I G H T S

Pakistan President Asif Ali Zardari has congratulated Mirza Fakhrul Islam Alamgir on his election as Bangladesh President and invited him to visit Pakistan to further strengthen bilateral relations. [R. Today: 26]

Four new members have been sworn into the cabinet. Abdul Moyeen Khan, Andaleeve Rahman Partho & Sa Ching Pru took oath as Ministers & Shamim Kaiser Lincoln sworn in as State Minister. [R. Today: 23]

PM's Press Secretary has said, no decision had yet been made regarding PM visit to India, adding that Dhaka was waiting for India's response on extradition of Sheikh Hasina & other fugitive criminals. [DW: 11]

Twenty-nine Bangladeshi nationals who lost their way in the Mediterranean while travelling from Libya to Greece & eventually reached the coast of Marsa Matrouh in Egypt have been identified. [Jago FM: 15]

Malaysian immigration police have detained 112 migrants, including 87 Bangladeshis, during raids on several establishments in Kajang, Selangor state. [R. Today: 25]

Three more children have died across country with suspected measles. [Jago FM: 13]

The prices of loose edible oil and sugar are rising rapidly. The prices of flour and refined flour have also increased. Meanwhile, the prices of vegetables, fish, meat and eggs remain high. [Jago FM: 18]

US President Donald Trump has announced "most crushing economic operation" against Iran and also warned that any country helping Tehran will face severe consequences. [NHK: 09]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ভাদ্র ০৭, বাংলা ১৪৩৩, আগস্ট ২২, ২০২৬, শনিবার, নং- ২২৮, ৫৬তম বছর**

# শিরোনাম

রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন পাকিস্তানের রাষ্ট্রপতি আসিফ আলী জারদারি। দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে পাকিস্তান সফরের আমন্ত্রণ জানান তিনি।[রে. টুডেঃ ২৬]

মন্ত্রিসভায় নতুন করে চারজন শপথ নিয়েছেন। ড. আবদুল মঈন খান, ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ, সাচিং প্রু জেরীকে মন্ত্রী এবং মোহাম্মদ শামীম কায়সার লিংকনকে প্রতিমন্ত্রী করা হয়েছে। [রে. টুডেঃ ২৩]

শেখ হাসিনা ও অন্যান্য পলাতক আসামিদের ফিরিয়ে দেয়া ইস্যুতে ভারতের জবাব না পাওয়া পর্যন্ত প্রধানমন্ত্রী তারেক রহমান ভারত সফরে যাবেন না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব। [ডয়চে ভেলেঃ ১১]

লিবিয়া থেকে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে গ্রিস যাওয়ার পথে দিকভ্রান্ত হয়ে মিশরের মারসা মাতরুহ উপকূলে পৌঁছানো ২৯ বাংলাদেশি নাগরিকের পরিচয় শনাক্ত করা হয়েছে। [জাগো এফএমঃ ১৫]

মালয়েশিয়ার কাজাংয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে ৮৭ বাংলাদেশিসহ ১১২ অভিবাসীকে আটক করেছে দেশটির সেলাঙ্গর ইমিগ্রেশন বিভাগ । [রে. টুডেঃ ২৫]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও তিন শিশুর মৃত্যু। [জাগো এফএমঃ ১৩]

খোলা তেল ও চিনির দাম দ্রুত বাড়ছে। একইসঙ্গে বেড়েছে আটা-ময়দার দামও। অন্যদিকে সবজি, মাছ-মাংস ও ডিমের দাম এখনো উচ্চমূল্যেই আটকে আছে। [জাগো এফএমঃ ১৮]

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে একটি ”চরম অর্থনৈতিক অভিযান” শুরু করছেন এবং সতর্ক করেছেন, তেহরানকে সাহায্যকারী যেকোনো দেশকে ভয়াবহ পরিণতির সম্মুখীন হতে হবে। [এনএইচকেঃ ০৯]

# বিবিসি

## সরকারের নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রী হলেন যারা

বাংলাদেশের মন্ত্রিসভার আকার আরও বড়ো হলো। নতুন করে যুক্ত হলেন তিনজন মন্ত্রী ও দুইজন প্রতিমন্ত্রী। এছাড়া প্রতিমন্ত্রীর পদ থেকে একজনকে করা হয়েছে পূর্ণমন্ত্রী। বঙ্গভবনে রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানের পর মন্ত্রিসভার নতুন সদস্যরাও শপথ নিয়েছেন। নতুন সদস্য হিসেবে মন্ত্রী পদমর্যাদায় যুক্ত হয়েছেন- বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান, বাংলাদেশ জাতীয় পার্টি বা বিজেপির চেয়ারম্যান আন্দালিভ রহমান পার্থ এবং পার্বত্য জেলা বান্দরবানের সংসদ সদস্য সাচিং প্রু। আর বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকা এম রশিদুজ্জামান মিল্লাতও পূর্ণ মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। এছাড়া নতুন প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকন। যদিও মন্ত্রিসভার নতুন এই সদস্যদের কে, কোন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করবেন, এই বিষয়ে এখনও আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করা বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির মন্ত্রিসভায় এতদিন প্রধানমন্ত্রী তারেক রহমান ছাড়া ২৪ জন মন্ত্রী এবং ২৩ জন প্রতিমন্ত্রী ছিলেন। এছাড়া প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে মন্ত্রী পদমর্যাদার পাঁচজন এবং প্রতিমন্ত্রীর পদমর্যাদায় আরও পাঁচজন উপদেষ্টা দায়িত্ব পালন করছিলেন। সরকারের মন্ত্রী-প্রতিমন্ত্রী হিসেবে নতুন যারা শপথ নিলেন, তাদের মধ্যে প্রথমবারের মতো মন্ত্রিসভায় যুক্ত হওয়া ব্যক্তি যেমন রয়েছেন, তেমনি অতীতে মন্ত্রী অথবা প্রতিমন্ত্রী হিসেবেও দায়িত্ব পালন করেছেন কেউ কেউ।

### আব্দুল মঈন খান

মন্ত্রিসভায় যুক্ত হয়েছেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নরসিংদী-২ সংসদীয় আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন তিনি। বিএনপি সরকার গঠনের পর থেকেই মন্ত্রী হওয়ার আলোচনায় ছিলেন দলটির সিনিয়র এই নেতা। এছাড়া স্পিকার পদের জন্যও আলোচনায় এসেছিল তার নাম। পরে অবশ্য পরিকল্পনা মন্ত্রণালয়–সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি করা হয় আবদুল মঈন খানকে। বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান নরসিংদী-২ সংসদীয় আসন থেকে মোট চারবার সংসদ-সদস্য নির্বাচিত হয়েছেন। এর আগে, ২০০১ সালে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি যখন সরকার গঠন করেছিল, তখনও তথ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছিলেন মি. খান। ২০০৯ সালে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য হন তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞানে শিক্ষকতা করার পর যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সাসেক্স থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন মি. খান। তার বাবা আব্দুল মোমেন খান বিএনপির প্রতিষ্ঠাকালীন নেতাদের একজন। তিনিও সাবেক সংসদ সদস্য এবং মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

### আন্দালিভ রহমান পার্থ

মন্ত্রিসভায় যুক্ত হয়েছেন বাংলাদেশ জাতীয় পার্টি বা বিজেপি চেয়ারম্যান আন্দালিভ রহমান পার্থ। ভোলা- ১ সংসদীয় আসন থেকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন মি. পার্থ। এই নির্বাচনে বিএনপির সঙ্গে জোটবদ্ধ হয়ে তার দল অংশ নেয়। বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনেরও অংশ হয়েছিল মি. পার্থের দল। রাজনৈতিক পরিবারের সন্তান আন্দালিভ রহমান পার্থের বাবা নাজিউর রহমান মঞ্জু বাংলাদেশের সাবেক মন্ত্রী ছিলেন। মি. পার্থ আইন বিষয়ে পড়াশোনা করেছেন। আইনজীবী হিসেবে কাজের পাশাপাশি ঢাকার একটি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকতাও করেছেন তিনি। ২০০৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে চারদলীয় জোটের প্রার্থী হিসেবে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন মি. পার্থ। ওই সংসদে জনপ্রশাসন মন্ত্রণালয়-সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটিরও সদস্য ছিলেন তিনি।

### সাচিং প্রু জেরী

মন্ত্রিসভায় যুক্ত হয়েছেন পার্বত্য জেলা বান্দরবান থেকে ধানের শীষ প্রতীকে নির্বাচিত সংসদ সদস্য সাচিং প্রু জেরী। বিএনপির জাতীয় নির্বাহী কমিটিরও সদস্য তিনি। রাজনৈতিক জীবনে বান্দরবান সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন মি. জেরী। ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারির নির্বাচনে বান্দরবান থেকে তিনি সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। এছাড়া বিএনপির হয়ে এই আসনে পরবর্তীতেও একাধিকবার নির্বাচনে অংশ নিয়েছেন তিনি। বিএনপি নেতৃত্বাধীন বর্তমান সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী

দীপেন দেওয়ান পদত্যাগ করার পর, ওই পদে আর কাউকে দায়িত্ব দেওয়া হয়নি। ধারণা করা হচ্ছে, সাচিং প্রু জেরী ওই মন্ত্রণালয়ের দায়িত্ব পেতে পারেন।

**এম. রশিদুজ্জমান মিল্লাত**

নতুন করে যে চারজন সরকারের মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন তাদের একজন এম. রশিদুজ্জামান মিল্লাত। তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে এতদিন দায়িত্ব পালন করছিলেন তিনি। এবার পূর্ণ মন্ত্রী হিসেবে শপথ নিলেন জামালপুর-১ আসনের এই সংসদ সদস্য। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত জামালপুর-১ আসনের সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন মি. মিল্লাত। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি।

**শপথ নিলেন দুই প্রতিমন্ত্রী**

সরকারের প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন হুমায়ুন কবির এবং মোহাম্মদ শামীম কায়সার লিংকন। হুমায়ুন কবির প্রতিমন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এছাড়া প্রধানমন্ত্রীর দুর্যোগ ব্যবস্থাপনা-ত্রাণ এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টাও ছিলেন তিনি। অন্যদিকে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেওয়া মোহাম্মদ শামীম কায়সার লিংকন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে গাইবান্ধা-৪ সংসদীয় আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য। পেশায় ব্যবসায়ী শামীম কায়সার লিংকন, তার পিতার মৃত্যুর পর ২০০৬ সালের উপ-নির্বাচনেও গাইবান্ধা-৪ সংসদীয় আসন থেকে নির্বাচিত হয়েছিলেন।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে বিদ্যুৎ সংকটের সমাধান কী?

”কারেন্ট যেমন যাইতেছে, আবার টাকাও বেশি কাটতেছে। বিদ্যুতের কার্ড ভরেই সারতে পারি না। অনেক টাকা নিতেছে।„ সাভারে পল্লী বিদ্যুতের একজন গ্রাহক রোজিনা বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে এভাবেই তার প্রতিক্রিয়া জানান বিবিসি বাংলা কাছে। রোজিনার মতো আরো বেশ কয়েকজন ভোক্তার অভিযোগ, দিনে-রাতে বিদ্যুৎ সংকট এবার অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি। এবছর লোডশেডিং আর বিদ্যুৎ বিল দুটোই বেড়েছে বলে অভিযোগ বাংলাদেশের বিভিন্ন এলাকার বিদ্যুতের গ্রাহকদের। বিশেষ করে গ্রামে লোডশেডিংয়ের অভিযোগ সবচেয়ে বেশি। কিছু এলাকায় ১০-১২ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হয়েছে বা এখনো হচ্ছে। বাংলাদেশে বিদ্যুতের মোট পাঁচ কোটির বেশি গ্রাহকের মধ্যে পল্লী বিদ্যুতের গ্রাহক সংখ্যা তিন কোটি ৭১ লাখ। সেই হিসেবে লোডশেডিংয়ের কারণে গ্রামে-গঞ্জে-মফস্বলের সাধারণ গ্রাহকরাই বিদ্যুতের বেশি ভোগান্তির মধ্যে পড়েছে। বিদ্যুৎ সরবরাহে ঘাটতির কারণে আবাসিক গ্রাহকদের ভোগান্তির পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা প্রতিষ্ঠান এবং রপ্তানিমুখী শিল্প কারখানাগুলোতেও চরম সংকট দেখা দিয়েছে। শিল্পখাতে গ্যাস ব্যবহার করে অনেক প্রতিষ্ঠান বিদ্যুৎ উৎপাদন করে কারখানা চালু রাখে, যেটি ক্যাভটিভ পাওয়ার প্ল্যান্ট নামে পরিচিত। গ্যাস সংকটের কারণে শিল্পকারাখানায় বিদ্যুতের ঘাটতিও এবছর তুলনামূলক বেড়েছে বলে জানাচ্ছেন ব্যবসায়ীরা। গাজীপুরের একজন কারখানা মালিক বিবিসি বাংলাকে বলেন, ”আমরা ডিজেল জেনারেটর দিয়ে চালাচ্ছি। সেটার কারণে আমাদের প্রোডাকশন কষ্ট অনেক বেড়ে যাচ্ছে। কেউ কেউ বাধ্য হচ্ছে প্রতিষ্ঠান বন্ধ রাখতে।„ ”বিদ্যুতের কারণে প্রোডাকশন ৩০ থেকে ৪০ শতাংশ কমে গেছে। অনেকের ডিজেল জেনারেটর দিয়ে চালাতে হিমশিম খাচ্ছে, কারণে এখানে খরচ অনেক বেশি।„ তিনি জানান, বিদ্যুতের কারণে বিদেশি ক্রেতাদের থেকে অর্ডার পেলেও সঠিক সময় কাজ শেষ করতে পারছে না অনেকে, তারফলে চাপ বাড়ছে। ”বায়ার এয়ার শিপমেন্টের কথা বলছে। অথবা বলছে- যদি তোমরা সময়মতো শিপমেন্ট না দিতে পারো আমরা অন্যত্র অর্ডারটা নিয়ে যাবো।„

এদিকে, দীর্ঘ সময় লোডশেডিংয়ের কারণে এ মাসে দেশের কিছু জায়গায় বিদ্যুৎ অফিসে গ্রাহকরা হামলা-ভাঙচুর চালিয়েছেন বলে খবর পাওয়া গেছে। যে কারণে গ্রিড, উপকেন্দ্র ও অফিসগুলোতে নিরাপত্তা চেয়ে পুলিশ প্রধানের কাছে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ অ্যাসোসিয়েশন। এছাড়া, নিরাপত্তা চেয়ে পুলিশ কিংবা প্রশাসনের কাছে পৃথক আবেদন করেছে গোপালগঞ্জ, নীলফামারীসহ বিভিন্ন জেলার বিদ্যুৎ অফিস।

**বিদ্যুৎ সক্ষমতা এবং সংকট**

বিদ্যুৎ বিভাগের তথ্য অনুযায়ী বাংলাদেশে বর্তমানে বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ক্যাপটিভ পাওয়ারসহ ৩৩ হাজার মেগাওয়াট। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের তথ্য হলো নেপাল ও ভারত থেকে আমদানিসহ গ্রিড পর্যায়ে সক্ষমতা ২৯ হাজার ৫৯৩ মেগাওয়াট। বাংলাদেশে এখন পর্যন্ত একদিনে সর্বোচ্চ উৎপাদনের রেকর্ড হয়েছে চলতি বছর মে মাসে ১৭ হাজার ২০১ মেগাওয়াট। তবে উৎপাদনে রেকর্ড করার সঙ্গে এবছর লোডশেডিং বা ঘাটতির দিক থেকেও গত কয়েক বছরের মধ্যে রেকর্ড তৈরি হয়েছে। পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ বা পিজিসিবি'র তথ্যে গত ১০ আগস্ট একদিনে সর্বোচ্চ তিন হাজার ৭৫৭ মেগাওয়াট লোডশেডিং করা হয়। বিদ্যুৎ বিভাগের হিসেবে এ বছর গরমে সর্বোচ্চ চাহিদা ১৮ হাজার ছাড়িয়ে গেছে। সরকার বলছে, প্রাথমিক জ্বালানির সংকটে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি তৈরি হয়েছে। বিশেষ করে এবছর এলএনজি আমদানিতে সংকটের কারণে পরিস্থিতি সামাল দেওয়া কঠিন হয়েছে। বিদ্যুৎ ও জ্বালানি

খাতের বর্তমান সংকটের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের কাছে দুঃখ প্রকাশ করেছেন। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, বিদ্যুৎ-জ্বালানির পরিস্থিতির উন্নতি করতে তাদের অন্তত দুই বছর সময় লাগবে। বিদ্যুৎ খাতের দশ বছর মেয়াদি একটি কর্মপরিকল্পনা সংসদে উপস্থাপন করা হবে।

**কয়লাভিত্তিক পায়রা বিদ্যুৎ কেন্দ্র**

বাংলাদেশে মারাত্মক বিদ্যুৎ সংকটের কারণে বিগত আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে জরুরি ভিত্তিতে তেলভিত্তিক, আমদানি করা কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের উদ্যোগ নিয়েছিল। বিশেষ আইন প্রণয়ন করে বিনা দরপত্রে বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর উদ্যোগও নেয় তারা। দেশে শতভাগ গ্রামে বিদ্যুৎ সুবিধার আওতায় আনার কথা বলা হয় ওই সরকারের সময়। স্বল্প-মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে বিদ্যুৎ খাতে উন্নয়নে নানা প্রচারও তারা করে গেছে। বাস্তবতা হলো, উৎপাদন সক্ষমতা বাড়ানো হলেও গ্যাস উত্তোলন বাড়েনি; কয়লা উত্তোলন করা হয়নি, যার ফলে আমদানি নির্ভরতা বেড়েছে। বড়ো সমস্যা তৈরি হয় ব্যয়বহুল প্রাথমিক জ্বালানি এবং আমদানি নির্ভরতা বেড়ে যাওয়ার কারণে। এছাড়া পরিকল্পনা অনুযায়ী সাশ্রয়ী বিদ্যুৎ কেন্দ্রগুলো সময়মতো উৎপাদনে আসেনি এবং নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর উদ্যোগে ব্যর্থতার কারণে পরিস্থিতি জটিল হয়েছে। এছাড়া উৎপাদন সক্ষমতা থাকা বেসরকারি বিদ্যুৎকেন্দ্রগুলোর ক্যাপাসিটি চার্জ বা কেন্দ্রের ভাড়া বাবদ বিপুল পরিমাণ খরচ বেড়েছে। সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডির গবেষণা পরিচালক ড. গোলাম মোয়াজ্জেম বিবিসি বাংলাকে বিদ্যুৎ সংকট নিয়ে বলেন, বিদ্যুতের সংকট ক্রমাগত জটিল থেকে জটিলতর হয়েছে। ”আওয়ামী লীগ সরকারের সময় যখন জ্বালানি ও বিদ্যুৎ খাতে ঘাটতি ছিল, তখন সে ঘাটতি পূরণের জন্য উদ্যোগগুলো নেওয়া হয়েছিল জরুরি হিসেবে। কিন্তু সেটা করতে গিয়ে আমাদের যা প্রয়োজন, তার থেকে অনেক বেশি উদ্বৃত্ত ক্যাপাসিটি তৈরি করা হয়েছে। তার বিপরীতে ক্যাপাসিটি পেমেন্ট অন্যান্য ব্যয় মেটাতে গিয়ে ওই সরকারও আস্তে আস্তে ক্ষীণতর হয়েছে। অন্তর্বর্তী সরকারের সময় দুর্বল হয়েছে। আর এ সরকারের সময় এখন এসে সমস্যা জটিলতর হয়েছে।„ আওয়ামী লীগ সরকারের সময় কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র দ্রুত নির্মাণ করা এবং নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন পরিকল্পনা যথাসময়ে সম্পন্ন করতে পারেনি। শেষ দিকে এসে ডলার ও জ্বালানি সংকটে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি দেখা দিয়েছিল। অন্তর্বর্তীকালীন সরকার মোটামুটি পরিস্থিতি সামাল দিয়ে গেলেও দায়দেনা ও ভর্তুকি বেড়েছে। নতুন সরকার এসে মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে জ্বালানির দাম বৃদ্ধি এবং আমদানি অবকাঠামোর যান্ত্রিক ত্রুটি মিলে পরিস্থিতি সামাল দিতে হিমশিম খাচ্ছে।

কনজিউমারস অ্যাসোসিয়েশন বাংলাদেশ ক্যাব-এর জ্বালানি উপদেষ্টা ড. এম শামসুল আলম বিদ্যুৎ খাতের পরিকল্পনা, নীতি ও দাম নিয়ে দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন। তার বিশ্লেষণ হলো– বাংলাদেশে বিদ্যুৎ খাতে আওয়ামী লীগ সরকার ব্যয়বহুল জ্বালানি দিয়ে বিদ্যুৎ উৎপাদনকে গুরুত্ব দিয়েছে। সংস্কার পরিকল্পনা অনুযায়ী জ্বালানি বৈচিত্র্য নিশ্চিত করতে পারেনি, গ্যাসের আমদানি বেড়েছে এবং নবায়নযোগ্য খাত থেকে পর্যাপ্ত বিদ্যুৎ উৎপাদন বাড়াতে পারেনি। ”অতীতে একদিকে ব্যয়বহুল জ্বালানি সরবরাহ নিশ্চিত করেছে। ওদিকে চাহিদার তুলনায় বেশি বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা তৈরি করে ফেলেছে। আর সেটা করতে গিয়ে আইন পরিবর্তন করেছে, প্রতিযোগিতা শূন্য করে ফেলেছে। খুব কস্টলি বিনিয়োগ আনা হয়েছে। ব্যাপক হারে লুটপাটের ক্ষেত্র কাঠামোগতভাবে তৈরি হয়েছে, যে কাঠামো এখন পর্যন্ত ভাঙা হয়নি এবং ভাঙার কথা সরকারের মাথায় আছে কি না, তা কোনোভাবেই দেখা যাচ্ছে না।„ শামসুল আলমের বিশ্লেষণে কাঠামোগত দিক থেকেও বিদ্যুৎ খাত সরকারের সেবাখাতের জায়গা থেকে সরে মুনাফাভিত্তিক একটা খাতে পরিণত হয়েছে, যা সংকট বৃদ্ধি করেছে। তার মতে, সরকার জনগণকে সেবা দেবে সেটা কস্ট প্রাইসে, বিদ্যুৎখাতে সরকারকে মুনাফা থেকে বেরিয়ে আসতে হবে। ”মুনাফা সব জায়গা হচ্ছে। বিতরণে হচ্ছে, সঞ্চালনে হচ্ছে, উৎপাদনে হচ্ছে, ফুয়েল সাপ্লাইয়ে হচ্ছে। সরকার সব জায়গা থেকে মুনাফা খাচ্ছে। সরকার যেখানে যা কাজ করছে সমস্ত জায়গা থেকে ন্যায্য ব্যয় এবং প্রকৃত ব্যয় অপেক্ষা কস্ট প্লাস রেভিনিউ আর্ন করে। দ্বিতীয়ত হচ্ছে এ খাতটাকে সেবা খাত হিসেবে প্রতিষ্ঠিত করতে হবে।„

বিশ্লেষকরা বলছেন, যে পরিমাণ জ্বালানি দরকার বিদ্যুতের জন্য সে পরিমাণে জ্বালানি সরবরাহ করার মতো পরিস্থিতি আমাদের নেই। যে বিকল্প উৎসগুলো রয়েছে সেটার ব্যাপারে তড়িৎ উদ্যোগ নেওয়ার ক্ষেত্রেও সরকার বিভিন্ন বাধার মুখে পড়ছে। নতুন সরকার বিভিন্ন সময় বিদ্যুৎ জ্বালানি বিশেষজ্ঞদের সঙ্গে মতবিনিয়ম করছে জানিয়ে ক্যাবের জ্বালানি উপদেষ্টা বলেন, ভোক্তাদের পক্ষ থেকে সরকারকে সমস্যা মোকাবিলায় কিছু পরামর্শ দেওয়া হয়েছে। ”আমাদের কয়লাভিত্তিক যে ক্ষমতা আছে, সেটা পুরোপুরি ব্যবহার হচ্ছে না। সেটা বাড়াতে হবে। আমরা তেলটা বাতিল করতে দিতে বলেছি। আমরা পারমাণবিক থেকে বিদ্যুৎ আনতে বলেছি। নবায়নযোগ্য জ্বালানি থেকে ২০ পার্সেন্টের কথা বলেছি এবং এফিসিয়েন্সি বাড়াতে বলেছি। এভাবে পুরো জিনিসটাকে মোকাবিলা করতে বলেছি। আর বলেছি যে, প্রয়োজনে আরো বেশি কয়লা বিদ্যুৎকেন্দ্র বাড়ানো হোক। বাড়িয়ে এই যে জ্বালানি নিরাপত্তার নামে যে ফাঁদ তৈরি করে

আমাদেরকে লুণ্ঠন করা হয়েছে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায়, এর থেকে বেরিয়ে আসার জন্য এরকম কিছু বৈপ্লবিক পরিবর্তন সরকারকে আনতে হবে।„ সমস্যা সমাধানে সরকারের করণীয় প্রসঙ্গে সিপিডির খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, "ধীরে ধীরে আমাদের আসলে গ্যাসভিত্তিক সিস্টেম থেকে বেরিয়ে এসে নবায়নযোগ্য জ্বালানি বা ইলেকট্রিসিটি বেইজ সিস্টেমের দিকে যাওয়া, সেটা একটা সমাধান। যেমন গ্যাস ভিত্তিক বয়লারের জায়গায় ইলেকট্রিক বয়লারে শিফট করা প্রয়োজন। একইভাবে ডিজেলের ব্যবহার কমিয়ে দিয়ে ইলেকট্রিক ভিইকেলে যাওয়া। একইভাবে সোলার বেজ ইরিগেশনে গিয়ে ডিজেল সেচ থেকে সরে আসা। বাসাবাড়িতে রান্না হচ্ছে, সেটাতে গ্যাসের বদলে ইলেকট্রিক চুলায় রান্নায় যাওয়া।„

**বিদ্যুৎ আমদানি**

বিদ্যুৎ সমস্যা মোকাবিলার জন্য আঞ্চলিক সহযোগিতাকে গুরুত্বপূর্ণ হিসেবে দেখেন বিশ্লেষকরা। আওয়ামী লীগ সরকারের সময় নেওয়া উদ্যোগে ভারত ও নেপাল থেকে বিদ্যুৎ আমদানি শুরু হয়েছে। আওয়ামী লীগ আমলে ভারতে আদানির সঙ্গে কয়লা বিদ্যুৎ উৎপাদনে চুক্তি নিয়ে বিতর্ক ও সমালোচনা আছে। সিপিডির গবেষক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, আমরা যেটা আমদানি করি, সেটা মোট বিদ্যুৎ চাহিদার নয় শতাংশের মতো। সেটা অবশ্যই গুরুত্বপূর্ণ। "আমাদের যদি এই মুহূর্তে রিজিওনাল গ্রিডটি সক্রিয় থাকতো এবং আরো বেশি পরিমাণে ক্যাপাসিটি সম্পন্ন হতো, তাহলে কিন্তু আমরা ভারতে আরো যেসমস্ত উদ্বৃত্ত বিদ্যুৎ অন্যান্য জায়গায় রয়েছে, সেটা এই ঘাটতি পূরণের জন্য কিন্তু আমরা জরুরি ভিত্তিতে নিতে পারতাম। সুতরাং রিজিওনাল এই গ্রিডটি আগামীতে আমাদের চিন্তা করতে হবে।„ "দেশের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি বিকল্পের কথা বলছেন, সেটার জন্য প্রস্তুতি পুরোপুরি নেই। যদি ভারতের গ্রিড ব্যবহার করে আমরা যদি নেপাল থেকে আরো বেশি নবায়ণযোগ্য বিদ্যুৎ আনতে পারতাম, তাহলে সেটা আমাদের শিল্প কারখানা অন্যান্য চাহিদা মেটাতে সক্ষম হতো।„ ভারত থেকে বিদ্যুৎ আমদানি প্রসঙ্গে এম শামসুল আলম আদানি চুক্তির সমালোচনা করে বলেন, এই চুক্তি সংশোধন করে ট্যারিফ কমাতে হবে। তবে গ্রিড ব্যবহার করে আমদানির পক্ষে মি. আলম। "আদানির সঙ্গে নেগোসিয়েশন করে যদি ট্যারিফ না কমায়, তাহলে ওই চুক্তি বাতিল করে বিদ্যুৎ আমদানি করা যাবে না। কিন্তু জিটুজি চুক্তির আওতায় সরকার যেটা আমদানি করছে এবং নেপাল বা ভুটান থেকে জলবিদ্যুতের সুযোগ আছে, সরকার সে উদ্যোগ নিয়েছে কিছু এরই মধ্যে আমদানি শুরু হয়েছে। পাশাপাশি মিয়ানমার থেকে আনার সুযোগ আছে গ্যাস বা বিদ্যৎ। এমনকি তেলও আনার সুযোগ আছে, কয়লাও আনার সুযোগ আছে ইন্ডিয়া থেকে।„ "যদি কমপিটিটিভ প্রাইসে সেখান থেকে আনার সুযোগ থাকে, আমাদের জ্বালানি নিরাপত্তা সংরক্ষণের স্বার্থে তা আনার বিষয়টি অবশ্যই জ্বালানি মিক্সের যে বৈচিত্রের কথা বলছি, সে প্রশ্নে অবশ্যই সরকারকে বিবেচনা করতে হবে।„(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## মাজার থেকে বঙ্গভবন- যে ইতিহাস কয়েক শতকের

ঢাকার ব্যস্ততম দিলকুশা এলাকায় উঁচু সীমানাপ্রাচীরের ভেতরে দাঁড়িয়ে আছে বঙ্গভবন। বাংলাদেশের রাষ্ট্রপতির কার্যালয় ও সরকারি বাসভবন হিসেবে পরিচিত এই স্থাপনার ইতিহাস অবশ্য বাংলাদেশের জন্মেরও অনেক আগের। আজ যেখানে বঙ্গভবন, কয়েক শতাব্দী আগে সেখানে কোনো রাষ্ট্রীয় ভবন ছিল না। ছিল দুইজনের সমাধি, যা পরিচিতি পেয়েছিল মাজার হিসেবে। এরপর সময়ের সঙ্গে সঙ্গে জায়গাটি কখনও হয়েছে বাগানবাড়ি, কখনও ব্রিটিশ শাসকের বাসভবন, কখনও আবার গভর্নর হাউজ। শেষ পর্যন্ত স্বাধীন বাংলাদেশে এর নাম হয় বঙ্গভবন। কিন্তু মাজার ও বাগানবাড়ি থেকে কীভাবে এটি বাংলাদেশের রাষ্ট্রপতির ভবনে রূপ নিল?

**সুলতানি আমলের মাজার থেকে মুঘলদের নওয়ারা মহল**

বঙ্গভবনের ইতিহাস খুঁজতে গেলে ফিরে যেতে হয় বাংলার সুলতানি আমলে। বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ বাংলাপিডিয়ার তথ্য অনুযায়ী, সুলতান ইউসুফ শাহের শাসনকালে (১৪৭৪ থেকে ১৪৮১), অর্থাৎ পঞ্চদশ শতকের দিকে সুফিসাধক শাহ জালাল দাখিনী তার কয়েকজন শিষ্যসহ গুজরাত থেকে তৎকালীন পূর্ববঙ্গে আসেন। ঢাকায় যে এলাকাটি এখন মতিঝিল, এর কাছেই একটি খানকাহ (গৃহ বা আস্তানা) প্রতিষ্ঠা করে সেখান থেকে ধর্ম প্রচার শুরু করেন। ১৪৭৬ খ্রিষ্টাব্দে সুলতানের লোকজনের হাতে তিনি ও তার অনুসারীরা নিহত হন। লেখক আবু জাফরের 'রাজভবন থেকে বঙ্গভবন' বইতে আছে, ইউসুফ শাহের বিরুদ্ধে অপ্রীতিকর মন্তব্য করায় সুলতানের সেনারা তাকে হত্যা করেছিলেন। লেখক ও গবেষক আবু জাফরের 'রাজভবন থেকে বঙ্গভবন' বইতে বলা আছে, "বঙ্গভবনের মূল গেট দিয়ে ঢুকেই বাম হাতে একটি কবরের একটি গম্বুজ। কিন্তু ভেতরে দুটো বাঁধানো কবর। এ দু-জনের নাম শাহ জালাল ও শাহ কামাল।„ শাহ কামাল সম্ভবত ছিলেন শাহজালাল দাখিনীর মুরিদ, যাকে তার পাশেই কবর দেওয়া হয়। এরপর ধীরে ধীরে দাখিনীর সমাধি ঘিরে জায়গাটি মাজার হিসেবে পরিচিত হয়ে ওঠে। সেই এক গম্বুজবিশিষ্ট সমাধি সৌধটি আজও বঙ্গভবন এলাকার ভেতরে রয়েছে। পরে মুঘল আমলেও এই এলাকার ইতিহাসে নতুন একটি অধ্যায় যুক্ত হয়। মুঘল শাসনামলে সুবাহদার মীর জুমলার অধীনে নওয়ারা মহলের দায়িত্বে ছিলেন মির্জা মুকিম। তার বাসভবন ছিল পুরানা পল্টন ময়দানের (বর্তমান ঢাকা স্টেডিয়াম এলাকা) দক্ষিণে, বর্তমান বঙ্গভবন বা দিলকুশা

এলাকায়। সুবা বা প্রদেশের শাসক বা গভর্নরকে সুবাহদার বলা হতো মুঘল আমলে। বাংলা তখন মুঘল সাম্রাজ্যের একটি সুবা ছিল, যার নাম ছিল সুবাহ বাংলা। আর, সেইসময় নদীপথ রক্ষা ও নৌবহর পরিচালনার জন্য গঠিত বিশেষ নৌবাহিনী বা 'নওয়ারা' এবং এর রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দকৃত এলাকাকে 'নওয়ারা মহল' বলা হতো। মির্জা মুকিমের বাসভবন এলাকার ভেতর ও বাইরের অংশে দুটি বড়ো টিলা ছিল। ওই সময়কার একটি বড়ো টিলা এখনো বঙ্গভবনের সীমানার মধ্যে রয়েছে। বর্তমান মতিঝিল নামটির সঙ্গেও এই এলাকার পুরোনো ইতিহাস জড়িয়ে আছে। কথিত আছে, মীর মুকিমের মেয়ে অন্দরমহলের একটি দিঘিতে প্রতিদিন অলংকার ফেলতেন। সেখান থেকেই স্থানটির নাম হয় 'মতিঝিল', অর্থাৎ মোতি বা মুক্তার ঝিল।

**মানুক হাউজ থেকে দিলকুশা বাগান**

ব্রিটিশ শাসনের শুরুর দিকে জায়গাটির মালিকানা আবার বদলে যায়। বঙ্গভবন চত্বরে এখনো 'মানুক হাউজ' নামে একটি ভবন রয়েছে। ধারণা করা হয়, ব্রিটিশ আমলে মানুক নামের একজন আর্মেনীয় জমিদারের মালিকানায় ছিল এটি। পরে ঢাকার নবাব খাজা আবদুল গনি মানুকের কাছ থেকে জায়গাটি কিনে নেন। সেখানে তিনি একটি বাংলো নির্মাণ করেন এবং স্থানটির নাম দেন দিলকুশা বাগ। ঢাকার নবাবদের এই বাগানবাড়ি ছিল বেশ বিস্তৃত। বর্তমান বঙ্গভবন এবং এর উত্তরের বড়ো একটি অংশজুড়ে ছিল দিলকুশা বাগান। সেখানে ছিল আঁকাবাঁকা লেক, বিভিন্ন ধরনের ফোয়ারা, রঙবেরঙের মাছের চৌবাচ্চা এবং দেশি-বিদেশি নানা প্রজাতির গাছ, ফল ও ফুলের বাগান। কিন্তু বিংশ শতাব্দীর শুরুতে ব্রিটিশদের একটি সিদ্ধান্ত এই স্থানের ভবিষ্যৎ পুরোপুরি পাল্টে দেয়।

**বঙ্গভঙ্গের পর তৈরি হলো গভর্নমেন্ট হাউজ**

১৯০৫ সালে ব্রিটিশ সরকার বাংলা ভাগ করে 'পূর্ববঙ্গ ও আসাম' নামে নতুন একটি প্রদেশ গঠন করে। সেই নতুন প্রদেশের রাজধানী করা হয় ঢাকাকে। প্রাদেশিক প্রশাসনের প্রয়োজন মেটাতে রাজধানী হিসেবে ঢাকায় তখন বেশ কিছু সরকারি ভবন ও কার্যালয় গড়ে ওঠে। তখন নতুন প্রদেশের প্রধান শাসনকর্তা তথা লেফটেন্যান্ট গভর্নর হিসেবে দায়িত্ব পান স্যার জোসেফ ব্যামফিল্ড ফুলার এবং তার অস্থায়ী বাসভবন নির্মাণের পরিকল্পনা হয় দিলকুশার দক্ষিণাংশে (এখন যেখানে বঙ্গভবন), যা দানা দিঘির ময়দান নামে পরিচিত ছিল। এর আগে, ইমারত বলতে এই অংশে ছিল শুধু ওই মানুক হাউজ। ইতিহাসবিদ মুনতাসীর মামুন তার 'ঢাকা: স্মৃতি বিস্মৃতির নগরী' বইয়ে লিখেছেন, ১৯০৬ সালে গভর্নমেন্ট হাউজ উদ্বোধন হলেও নির্মাণ কাজ সম্পূর্ণ শেষ হয় ১৯১১ সালে। সেই সময়ের 'ঢাকা প্রকাশ' পত্রিকায় বলা হয়েছে, "এই প্রাসাদ নির্মাণে অধিক টাকা ব্যয়িত হইয়াছে। অস্থায়ী আবাস হইলেও প্রাসাদের পরিপাটি নির্মাণে কোনোরূপ ত্রুটি হয় নাই।„ এছাড়া, বাংলাপিডিয়ার তথ্য অনুযায়ী, দিলকুশা বাগের একাংশ কিনে সরকার সেখানে ভারতের ভাইসরয়ের (ব্রিটিশ ভারতের সর্বোচ্চ ব্রিটিশ শাসনকর্তা) জন্য একটি ভবন নির্মাণ করে। ১৯১১ সাল পর্যন্ত পূর্ববাংলায় সফরের সময় ভাইসরয়ও এখানেই বাস করতেন। সেই সময় এই ভবনটির নাম ছিল 'গভর্নমেন্ট হাউজ' এবং ১৯৪৭ সাল পর্যন্ত সেই নামই বহাল ছিল। মূলত, ওই সময় থেকেই প্রশাসনিক ভবন হিসেবে আজকের বঙ্গভবনের যাত্রা শুরু। তবে নতুন প্রদেশ বেশিদিন টেকেনি। প্রবল রাজনৈতিক বিরোধিতার মুখে ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হলে ঢাকা তার প্রাদেশিক রাজধানীর মর্যাদা হারায়। ফলে লেফটেন্যান্ট গভর্নরের নিয়মিত বাসভবন হিসেবেও ভবনটির ব্যবহার শেষ হয়। তবে পরবর্তী সময়ে বাংলার গভর্নর ঢাকা সফরে এলে এই ভবনে অবস্থান করতেন। ১৯৪৭ সালে ব্রিটিশ শাসনের অবসান পর্যন্ত এটি সেই কাজে ব্যবহৃত হতো।

**পাকিস্তান আমলে 'গভর্নর হাউজ'**

১৯৪৭ সালে ব্রিটিশ ভারত ভাগ হয়ে পাকিস্তান ও ভারত নামে দুটি রাষ্ট্রের জন্ম হয়। পূর্ববঙ্গ পাকিস্তানের অংশ হলে ঢাকা আবার প্রাদেশিক রাজধানী হয়। ব্রিটিশ আমলের গভর্নমেন্ট হাউজ তখন পূর্ববঙ্গের নতুন প্রাদেশিক শাসনকর্তা তথা 'গভর্নর'-এর কার্যালয় ও বাসস্থান নির্বাচিত হয় ব্রিটিশ আমলের গভর্নমেন্ট হাউজ। এ সময় গভর্নমেন্ট হাউজ এর নাম পরিবর্তন করে রাখা হয় 'গভর্নর হাউজ'। তবে ১৯৬১ সালে একটি ঝড়ে পুরোনো ভবনটি ক্ষতিগ্রস্ত হয়। মূলত, ব্রিটিশ আমলের সেই গভর্নমেন্ট হাউজ নির্মাণ করা হয়েছিল কাঠ দিয়ে। এটি ছিল পূর্ব-পশ্চিমে লম্বা। একতলা ভবনের মেঝের আয়তন ছিল ২৫ হাজার ১২৮ বর্গফুট। এর ছাদ ছিল টিনের। পূর্ব ও পশ্চিমের দুটি ভবনের ছাদ ছিল চৌচালা। মাঝের ভবন যা অন্য কক্ষগুলোকে সংযুক্ত করেছিল, সেটা ছিল দোচালা। মেঝে ছিল মাটি থেকে চারফুট উঁচু, সেগুন কাঠের। অর্থাৎ, ভবনটি কাঠের খুঁটির উপর নির্মিত হয়েছিল, সে জন্য এটি কাঠের প্রাসাদ বা টিম্বার প্যালেস নামেও খ্যাত ছিল– বলা হয়েছে 'ঢাকা: স্মৃতি বিস্মৃতির নগরী' বইয়ে। ১৯৬১ সালের সেই ঝড়ে কাঠের প্রাসাদটি ক্ষতিগ্রস্ত হলে তা পরিত্যক্ত ঘোষণা করা হয় এবং তৎকালীন গভর্নর আজম খান মানুক হাউজে বসবাস শুরু করেন, গভর্নরের জন্য নতুন বাসভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেন। এ জন্য তিনি বেছে নেন লাহোরের স্থপতি মজনুদ্দিন চিশতীকে। ইসলামী স্থাপত্যের অনুকরণে এর নকশা করার অনুরোধ জানানো হয়। চিশতীর নকশা অনুসারেই নির্মিত হয় সেই 'গভর্নর হাউজ'। এর নির্মাণ কাজ শেষ হয়েছিল ১৯৬৪ সালে।

**১৯৭১ সালে গভর্নর হাউজে হামলা**

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর হাউজে (বর্তমান বঙ্গভবন) হামলা চালায় ভারতীয় বিমানবাহিনী। দিনটি ছিল ১৪ ডিসেম্বর। সেদিন গোয়েন্দা তথ্যের মাধ্যমে ভারতীয় বিমানবাহিনী জানতে পারে, গভর্নর আবদুল মোতালেব মালিকের নেতৃত্বে গভর্নর হাউজে একটি গুরুত্বপূর্ণ বৈঠক চলছে। বৈঠকটির কৌশলগত গুরুত্ব বিবেচনায় নিয়ে ভারতীয় বিমানবাহিনী ভবনটিতে বিমান হামলা চালানোর সিদ্ধান্ত নেয়। বৈঠক শুরু হওয়ার প্রায় এক ঘণ্টা পর, দুপুর ১২টা ৫৫ মিনিটে ভারতীয় বিমানবাহিনীর চারটি মিগ-২১ যুদ্ধবিমান গভর্নর হাউজে হামলা চালায়। এর কিছুক্ষণ পর আরও দুটি মিগ এবং দুটি হান্টার যুদ্ধবিমান হামলায় যোগ দেয় এবং ভবনটি তখন ব্যাপকভাবে ধ্বংসপ্রাপ্ত হয়। ওই হামলার কিছুক্ষণ পর এ এম মালিক ও তার মন্ত্রিসভার সদস্যরা পদত্যাগ করেন। মুনতাসীর মামুন তার বইয়ে লিখেছেন, সেই মুক্তিযুদ্ধের সময় বিমান হামলায় গভর্নর হাউজ ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীকালে অবশ্য গভর্নর হাউজের আরো সংস্কার করা হয়।

**গভর্নর হাউজ থেকে আজকের 'বঙ্গভবন'**

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার মধ্যদিয়ে ভবনটির পরিচয়ও আবার বদলে যায়। ১৬ ডিসেম্বর বাংলাদেশ বিজয় লাভ করে এবং এক সপ্তাহ পর, ২৩ ডিসেম্বর, তৎকালীন গভর্নর হাউজে মন্ত্রিপরিষদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয় বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের সভাপতিত্বে। ওই সভায়ই এর নামকরণ হয় 'বঙ্গভবন' এবং এটিকে বাংলাদেশের রাষ্ট্রপতির বাসস্থান ও কার্যালয় হিসেবে নির্দিষ্ট করা হয়। স্বাধীন বাংলাদেশে ১৯৭২ সালের ১২ জানুয়ারি বিচারপতি আবু সাঈদ চৌধুরী রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের পর থেকেই নতুন অধ্যায়ে প্রবেশ করে বঙ্গভবন। তারপর থেকে রাষ্ট্রপতির শপথ, সরকার গঠন, রাষ্ট্রদূতদের পরিচয়পত্র গ্রহণ, বিদেশি রাষ্ট্রপ্রধান ও গুরুত্বপূর্ণ অতিথিদের অভ্যর্থনাসহ বহু গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় ঘটনার সাক্ষী এই ভবন।„(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠান ঘিরে বঙ্গভবন এলাকায় নিরাপত্তা জোরদার

রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠান ঘিরে শুক্রবার দুপুর থেকেই ঢাকায় বঙ্গভবন ও আশপাশের এলাকায় নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। বঙ্গভবনের আশপাশের সড়কগুলোতে গণপরিবহণ চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। বৃহস্পতিবারই এক গণবিজ্ঞপ্তিতে ঢাকা মহানগর পুলিশ জানিয়েছিল যে, শুক্রবার বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত বঙ্গভবন সংলগ্ন এলাকায় যান চলাচল নিয়ন্ত্রিত অবস্থায় থাকবে। ডিএমপির নির্দেশনা অনুযায়ী, মতিঝিল শাপলা চত্বরের আলিকো গ্যাপ থেকে দিলকুশা বাণিজ্যিক এলাকা (বঙ্গভবন রোড) ও রাজউক ক্রসিং (ডিআইটি রোড) পর্যন্ত সব ধরনের যানবাহন প্রবেশ নিষিদ্ধ থাকবে। এছাড়া শাপলা চত্বর ও দৈনিক বাংলা থেকে রাজউক-গুলিস্তানগামী গণপরিবহনগুলো দৈনিক বাংলা-ইউবিএল-প্রেস ক্লাব হয়ে চলাচল করবে। প্রয়োজনে এসব বাসকে সুবিধাজনক বিকল্প সড়ক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। এই শপথ অনুষ্ঠানে এক হাজারের বেশি অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানা গেছে।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা ও অর্থনৈতিক চাপ মধ্যপ্রাচ্য সংকটের সমাধান নয় : চীন

চীন বলেছে, যুক্তরাষ্ট্রের `নিষেধাজ্ঞা ও চাপ, মধ্যপ্রাচ্যের সংঘাত নিরসনে সহায়তা করবে না। এর আগে, ওয়াশিংটন চীনসহ বিভিন্ন দেশকে ইরানের অর্থনীতিকে বিচ্ছিন্ন করার প্রচেষ্টায় যুক্ত হওয়ার আহ্বান জানিয়েছিল। শুক্রবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকি সম্পর্কিত এক প্রশ্নের জবাবে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান বলেন, "নিষেধাজ্ঞা ও চাপ এই সমস্যার সমাধানে সহায়তা করবে না।„ তিনি আরও বলেন, "চীন সংশ্লিষ্ট সব পক্ষকে দায়িত্বশীল পদক্ষেপ গ্রহণ এবং রাজনৈতিক ও কূটনৈতিক উপায়ে সমস্যার সমাধানের আহ্বান জানাচ্ছে।„ যুক্তরাষ্ট্র বলছে, তাদের অর্থনৈতিক অভিযান "ইরানি শাসনব্যবস্থার পতন ঘটাবে„। তবে তেহরান এই হুমকিকে "অর্থনৈতিক সন্ত্রাসবাদ„ বলে অভিহিত করেছে এবং এটি ব্যর্থ হতে বাধ্য বলে তারা মনে করে। বেইজিংকে এই অভিযানে যোগ দিতে যুক্তরাষ্ট্র চাপ দেবে কি না, এমন প্রশ্নের জবাবে মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসান্ট সিএনবিসিকে বলেন, "কিছু আলোচনা গোপনে করাই ভালো হবে,„ তবে তিনি বেইজিংকে "এই কর্মসূচিতে যোগ দেওয়ার„ আহ্বানও জানান। স্কট বেসান্টের মন্তব্যের প্রতিক্রিয়ায় চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেন, "চীন এমন অবৈধ একতরফা নিষেধাজ্ঞার বিরোধিতা করে, যার আন্তর্জাতিক আইনে কোনো ভিত্তি নেই এবং যা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অনুমোদিত নয়।„ (বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## কলকাতার অগ্নিকাণ্ডে মৃতদের দেহ বাংলাদেশে ফিরবে কবে- প্রশ্ন স্বজনদের

কলকাতায় একটি হোটেলে আগুনে প্রাণ হারিয়েছেন সাতজন বাংলাদেশিসহ মোট নয়জন। বাংলাদেশি নাগরিকদের মৃতদেহ এখনো দেশে ফিরিয়ে নিয়ে যেতে পারেননি স্বজনরা। দেশে থাকা তাদের পরিবার-পরিজনের কাছে মরদেহ ফিরতে সময় লাগবে বলেই জানাচ্ছে সূত্রগুলো। কলকাতায় বাংলাদেশ উপদূতাবাস সূত্রে বিবিসি বাংলাকে জানানো হয়েছে, এখন পর্যন্ত কলকাতা পুলিশ মৃত ব্যক্তিদের স্বজনদের কাছে মরদেহ হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ছাড়পত্র দেয়নি। পুলিশের ছাড়পত্র পাওয়ার পর, মরদেহ দেশে ফেরত পাঠানোর জন্য তাদের এফআরআরও-এর কাছ থেকে এনওসি বা অনাপত্তি মূলক সার্টিফিকেট নিতে হবে। এরপরই মরদেহ বাংলাদেশে পাঠানো সম্ভব হবে বলে উপদূতাবাস

সূত্রগুলো জানিয়েছে। তারা আরও জানিয়েছে, ইতোমধ্যে উপদূতাবাসের পক্ষ থেকে প্রয়োজনীয় সব আনুষ্ঠানিক ও পরিবহণ সংক্রান্ত প্রস্তুতি সম্পন্ন করে রাখা হয়েছে। কলকাতার নিউমার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটে 'শিখা ইন' হোটেলে বুধবার রাত ২টা নাগাদ আগুন লাগে। আগুনে খবর পেয়ে শুরুতে কয়েকজন দমকল কর্মী উদ্ধারকাজে আসেন, এরপর একটি স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা দলও তাদের সাথে উদ্ধারকাজে যোগ দেয়।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## পাকিস্তান ও বালুচিস্তানের বর্তমান ও ভবিষ্যৎ অবিচ্ছেদ্য : আসিম মুনির

পাকিস্তানের প্রতিরক্ষা বাহিনীর প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির বলেছেন, "বালুচিস্তান ও পাকিস্তানের বর্তমান ও ভবিষ্যৎ পরস্পরের সঙ্গে যুক্ত এবং সবসময়ই যুক্ত থাকবে। রাষ্ট্রের অটল, দৃঢ় ও সিদ্ধান্তমূলক প্রতিক্রিয়া অশুভ ষড়যন্ত্র নস্যাৎ করে দেবে।„ পাকিস্তানি সামরিক বাহিনীর জনসংযোগ বিভাগ আইএসপিআরের বরাতে বলা হয়েছে, আসিম মুনির বালুচিস্তানের গুরুত্বপূর্ণ ব্যক্তি ও রাজনৈতিক নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে এই কথা বলেছেন। বিবৃতিতে বলা হয়, আসিম মুনির বলেছেন যে, বহিরাগত পৃষ্ঠপোষকতায় পরিচালিত প্রক্সি উপাদানগুলোকে বালুচিস্তানে অস্থিতিশীলতা সৃষ্টি, প্রদেশটির উন্নয়ন প্রক্রিয়া ব্যাহত এবং রাষ্ট্র ও জনগণের মধ্যে বিভেদ তৈরির জন্য ব্যবহার করা হচ্ছে। তরুণদের সমাজের সবচেয়ে গতিশীল ও সম্ভাবনাময় অংশ হিসেবে উল্লেখ করে তিনি বলেন, রাষ্ট্রের অটল, দৃঢ়প্রতিজ্ঞ ও সিদ্ধান্তমূলক প্রতিক্রিয়া এসব অশুভ ষড়যন্ত্র নস্যাৎ করে দেবে।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সন্ধ্যা ৭টা ৩৮ মিনিটে বঙ্গভবনের দরবার হলে জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল তাকে শপথবাক্য পাঠ করান। এর আগেই অনুষ্ঠানস্থলে আসেন প্রধানমন্ত্রী তারেক রহমানসহ মন্ত্রিসভার সদস্য এবং আমন্ত্রিত অতিথিরা। সন্ধ্যা ৭টা ৩১ মিনিটে অনুষ্ঠানস্থলের মূলমঞ্চে আসেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর, ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ এবং জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## ইরানের বিরুদ্ধে ʽচরম অর্থনৈতিক অভিযান, চালানোর হুঁশিয়ারি দিলেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি ইরানের বিরুদ্ধে একটি "চরম অর্থনৈতিক অভিযান" শুরু করছেন এবং সতর্ক করেছেন যে, তেহরানকে সাহায্যকারী যেকোনো দেশকে "ভয়াবহ" পরিণতির সম্মুখীন হতে হবে। তবে, ইরান ট্রাম্পের এই সর্বশেষ হুমকির বিরুদ্ধে পাল্টা জবাব দিচ্ছে। ট্রাম্প বুধবার এই হুমকিগুলো পোস্ট করেন এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বৃহস্পতিবার নিজের সামাজিক যোগাযোগ মাধ্যমের পোস্টে এর তীব্র নিন্দা জানান। আরাঘচি বলেন, যুক্তরাষ্ট্রের এই পরিকল্পনা একটি 'দৃষ্টি অন্যদিকে সরানোর কৌশল' এবং এটি 'কেবল আরও পরাজয়ই ডেকে আনবে'। তিনি আরও বলেন, "মার্কিন অর্থনৈতিক সন্ত্রাসবাদ" "বিশ্বব্যাপী অর্থনীতি ও সার্বভৌমত্বের" জন্য হুমকিস্বরূপ। মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট বৃহস্পতিবার সিএনবিসি-কে এই পরিকল্পনা সম্পর্কে বলেন। তিনি দাবি করেন, এটি হতে চলেছে "বিশ্বের ইতিহাসে সর্ববৃহৎ সমন্বিত অর্থনৈতিক বিচ্ছিন্নতা"। তিনি আরও সতর্ক করেন যে, যেসব দেশ ইরানের সাথে ব্যাবসা চালিয়ে যাবে, তারা মার্কিন নিষেধাজ্ঞার "পূর্ণ শক্তি ও বলপ্রয়োগের" সম্মুখীন হবে। তিনি অর্থ স্থানান্তর, ইরানের তেল ক্রয় বা সমুদ্রপথে জাহাজযোগে পণ্য পরিবহণের মতো বিষয়গুলোর দিকে ইঙ্গিত করেছেন। (এনএইচকে ওয়েব পেজঃ ২১.০৮.২০২৬ রুবাইয়া)

# রেডিও তেহরান

## বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের নয়া দিল্লি সফরের সম্ভাবনা ক্রমেই অনিশ্চিত হয়ে উঠেছে

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের শীঘ্রই নয়া দিল্লি সফরের সম্ভাবনা ক্রমেই অনিশ্চিত হয়ে উঠেছে। বিশেষ করে সেপ্টেম্বরে ভারতের রাজধানীতে অনুষ্ঠেয় ব্রিকস নেতাদের সম্মেলনে যোগ দেয়ার জন্য নরেন্দ্র মোদি সরকার এর আমন্ত্রণ পেয়েও ঢাকায় এখন পর্যন্ত ইতিবাচক সাড়া দেয়ার অবস্থানে নেই। বাংলাদেশ ব্রিকস এর সদস্য না হলেও বঙ্গোপসাগরে বহুমাত্রিক কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতা উদ্যোগ বিমস্টেকের বর্তমান সভাপতি হিসেবে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ পেয়েছে। অনেক বাংলাদেশ ও ভারত বিষয়ক পর্যবেক্ষক মনে করেছিলেন এই আমন্ত্রণ দুই দেশের টানাপড়েন পূর্ণ সম্পর্ক পুনর্গঠনের একটি গুরুত্বপূর্ণ সুযোগ তৈরি করবে। বিশেষ করে ২০২৪ সালের জুলাইয়ের রাজনীতি অস্থিরতার পর ঢাকা দিল্লি সম্পর্কে যে অবনতি ঘটেছে তা কাটিয়ে ওঠার ক্ষেত্রে এটি কার্যকর ভূমিকা রাখতে পারে বলে আশা করা হয়েছিল। কিন্তু বর্তমান পরিস্থিতি বলছে ঢাকায় এখনো দিল্লির সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে শর্ত ও রাজনৈতিক হিসাবকে অগ্রাধিকার দিচ্ছে। ভারতীয় গণমাধ্যম দা ফার্স্ট পোস্টের নিবন্ধে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে জামায়াত ভয় দেখিয়ে ভারত সফল করার আহ্বান জানিয়েছে। বাংলাদেশের

পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সম্প্রতি বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের দিল্লি সফরের আগে একটি অনুকূল পরিবেশ তৈরি হওয়া প্রয়োজন। একই সাথে তিনি ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যার্পণের বিষয়টির সঙ্গে সফরকে যুক্ত করেছেন। এর ফলে স্পষ্ট হচ্ছে ঢাকা দিল্লি সম্পর্কের ভবিষ্যৎ এখনো শেখ হাসিনা ইস্যুর প্রভাব থেকে মুক্ত হতে পারেনি। তবে এই অবস্থানের পেছনে শুধু কূটনৈতিক হিসাব নয় বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতি ও গুরুত্বপূর্ণ। গত দুই বছরে দেশে ইসলাম পন্থী রাজনৈতিক শক্তিগুলোর প্রভাব ও রাজনৈতিক পরিসর নিয়ে নতুন করে আলোচনা তৈরি হয়েছে। বিএনপি সরকারের সময় জামাতে ইসলামী ও অন্যান্য ইসলামপন্থী গোষ্ঠীর প্রতি যে রাজনৈতিক সহনশীলতা দেখা হচ্ছে তা নিয়ে বিভিন্ন মহলে উদ্বেগ রয়েছে। ২০২৬ সালের ৫ই আগস্ট জুলাই অভ্যুত্থান স্মরণে আয়োজিত একটি সরকারি অনুষ্ঠান জামাত-সমর্থকদের বিক্ষোভে বিশৃংখল হয়ে পড়ার ঘটনাটি সেই উদ্বেগকে আরো সামনে নিয়ে এসেছে। অনুষ্ঠানে বিদেশী কূটনীতিকদের উপস্থিতিও ছিল। তারেক রহমানের জন্য এখানে একটি ঐতিহাসিক শিক্ষা রয়েছে। বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার পর রাজনৈতিক বিরোধীদের একটি অংশ রাষ্ট্র ও রাজনীতির মূলধারায় অন্তত করার চেষ্টা করেছিলেন। তিনি মনে করেছিলেন রাজনৈতিক অন্তর্ভুক্তির মাধ্যমে তাদের মনোভাব পরিবর্তন করা সম্ভব হবে কিন্তু পরবর্তী ঘটনা প্রবাহ প্রমাণ করে রাজনৈতিক প্রতিপক্ষকে ছাড় দেয়ার কৌশল সব সময় প্রত্যাশিত ফল দেয় না। ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের অধিকাংশ সদস্য হত্যাকাণ্ডের শিকার হন। তবে ইতিহাসকে সরলীকরণ করাও ঠিক হবে না। শেখ মুজিবের রাজনৈতিক চিন্তাধারা ছিল জটিল এবং সময়ের সঙ্গে তা পরিবর্তিত হয়েছে। পাকিস্তান আন্দোলনের সময় মুসলিম লীগের সঙ্গে তার রাজনীতি সম্পৃক্ততা থাকলেও পরবর্তীতে তিনি বাঙালি জাতীয়তাবাদের অন্যতম প্রধান নেতা হয়ে ওঠেন। স্বাধীনতার পর রাস্ট্র পরিচালনায় ধর্ম জাতীয়তাবাদ ও রাজনৈতিক আদর্শের মধ্যে ভারসাম্য তৈরির চেষ্টা করেছিলেন তিনি। সেই সময় ধর্মীয় অনুভূতি সংস্কৃতি ও সংখ্যালঘু অধিকার নিয়েও নানা বিতর্ক তৈরি হয়েছিল।

বর্তমান বাংলাদেশ ও ধর্মভিত্তিক রাজনৈতিক প্রভাব নিয়ে একই ধরনের নতুন প্রশ্ন উঠেছে। গাইবান্ধায় ৮১ ফুট উচ্চতার রামের মূর্তি নির্মাণের উদ্যোগ ঘিরে বিতর্ক আরেকটি উদাহরণ। নির্মাণ কাজ প্রায় ৮০ শতাংশ শেষ হওয়ার পর ইসলামপন্থী সংগঠনগুলোর আপত্তি ও হুমকির কারণে তা বন্ধ হয়ে যায়। প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট একজনের বিরুদ্ধে অর্থ পাচারের মামলায় গ্রেফতারের ঘটনা ও বিষয়টিকে আরো জটিল করেছে। এতে ধর্মীয় স্বাধীনতা রাজনৈতিক প্রভাব এবং আইনের প্রয়োগ তিনটি বিষয় সামনে এসেছে। তারেক রহমানের জন্য সবচেয়ে বড় ঝুঁকি স্বল্পমেয়াদি রাজনৈতিক সুবিধার জন্য ইসলামপন্থী শক্তির উপর অতিরিক্ত নির্ভরশীল হয়ে পড়া। রাজনৈতিক বাস্তবতায় কোন দলকে সাময়িকভাবে পাশে পাওয়া সহজ হতে পারে। কিন্তু সেই শক্তিকে পরে নিয়ন্ত্রণে রাখা অনেক কঠিন। ইসলামপন্থী দল গুলো যদি ধীরে ধীরে রাষ্ট্র ও সমাজে নিজেদের প্রভাব বাড়াতে পারে তাহলে মূল ধারার গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ রাজনৈতিক শক্তির জন্য রাজনৈতিক পরিশার সংকুচিত হওয়ার আশঙ্কা থাকে এমনটাই ভাবছে ভারতের মূলধারার এই গণমাধ্যম। বিএনপির জন্য আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো ভারত বিরোধী মনোভাব। দিল্লির পরিবর্তে বেইজিং ও কুয়ালালামপুরকে প্রথম কূটনৈতিক সফরের গন্তব্য হিসেবে বেছে নেয়া এবং ভারতকে ঘিরে কঠোর রাজনৈতিক অবস্থান বিএনপির অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতির দিক দিয়েও প্রশ্ন তৈরি করেছে বলে মনে করেন ভারতীয় এই গণমাধ্যম। বিএনপি যদি ভারত বিরোধী ইসলামপন্থী কিংবা পাকিস্তান ঘনিষ্ঠ মনোভাবকে রাজনৈতিকভাবে উৎসাহিত করে তাহলে তা বাংলাদেশের অর্থনীতি ও কৌশলগত স্বার্থের জন্য দীর্ঘ মেয়াদে ক্ষতিকর হতে পারে বলে মনে করে ভারতীয় এই মূল ধারার গণমাধ্যম। বাংলাদেশের জন্য ভারত একটি গুরুত্বপূর্ণ প্রতিবেশী ও অর্থনৈতিক অংশীদার। বাণিজ্য, যোগাযোগ, জ্বালানি, সীমান্ত ব্যবস্থাপনা, নিরাপত্তা এবং আঞ্চলিক সহযোগিতা প্রতিটি ক্ষেত্রেই দুই দেশের পারস্পরিক নির্ভরতা রয়েছে। তাই ব্যক্তিগত বা দলীয় রাজনৈতিক বিরোধের কারণে রাষ্ট্রীয় সম্পর্ককে দীর্ঘমেয়াদি সংকটে ফেলা কোন পক্ষের জন্যই লাভজনক নয়। এ কারণেই ঢাকা-দিল্লি সম্পর্ককে শেখ হাসিনা নির্ভরতা থেকে বের করে আনা প্রয়োজন বলে মনে করে দ্য ফার্স্ট পোস্ট। শেখ হাসিনার প্রত্যর্পণ একটি গুরুত্বপূর্ণ দ্বিপক্ষীয় ইস্যু হতে পারে। কিন্তু পুরো সম্পর্ককে কেবল এই প্রশ্নের মধ্যে সীমাবদ্ধ রাখা বাস্তবসম্মত নয় বলেও মনে করেন তারা।

একইভাবে বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতেও আওয়ামী লীগকে পুরোপুরি রাজনৈতিক মূলধারা থেকে দূরে রাখার চেষ্টা দীর্ঘমেয়াদে একটি শূন্যতা তৈরি করতে পারে। গণতন্ত্রের মূল শক্তি হলো প্রতিযোগিতা, অংশগ্রহণ এবং জনগণের সামনে বিকল্প রাজনৈতিক পছন্দ থাকা। তারেক রহমানের সামনে এখনো পথ পরিবর্তনের সুযোগ রয়েছে। বিএনপি চাইলে ইসলামপন্থী শক্তির উপর অতিরিক্ত নির্ভরতা কমিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক, প্রতিযোগিতামূলক এবং গণতান্ত্রিক রাজনৈতিক পরিবেশ তৈরিতে নেতৃত্ব দিতে পারে। একইসঙ্গে ভারতের সঙ্গে সম্পর্ককে দলীয় রাজনীতির ঊর্ধ্বে তুলে এনে জাতীয় স্বার্থের ভিত্তিতে পুনর্গঠন করা সম্ভব বলে মনে করেন ভারতীয় এই গণমাধ্যম। দ্য ফার্স্ট পোস্ট মনে করে রাজনৈতিক শক্তির সঙ্গে আপোষ করে সাময়িক সুবিধা পাওয়া গেলেও তার দীর্ঘমেয়াদি মূল্য অনেক বেশি হতে পারে। তাদের মতে, ইসলামপন্থী বাঘের পিঠে চড়া সহজ কিন্তু প্রয়োজন শেষ হলে নিরাপদে নেমে আসা কঠিন। তারেক রহমানের সামনে এখন সবচেয়ে বড় প্রশ্ন সেটি - তিনি কি স্বল্প মেয়াদের রাজনৈতিক সুবিধাকে অগ্রাধিকার দেবেন নাকি

বাংলাদেশের দীর্ঘমেয়াদী গণতান্ত্রিক, অর্থনৈতিক ও কৌশলগত স্বার্থকে সামনে রেখে একটি ভারসাম্যপূর্ণ পথ বেছে নেবেন? সময় দ্রুত ফুরিয়ে যাচ্ছে। এভাবেই ভারতীয় গণমাধ্যমের এই নিবন্ধটি শেষ করা হয়।
(রেডিও তেহরান: ২১.০৮.২০২৬ এলিনা/রুবাইয়া)

## `সর্বোচ্চ চাপ, মোকাবিলায় ইরান সক্ষম, সমাধানের পথ কেবল কূটনীতি : উলিয়ানভ

ইরানের বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের কথিত অর্থনৈতিক অভিযান এবং ইরানকে সমর্থনকারী যে-কোনো দেশকে শাস্তির হুমকির প্রতিক্রিয়ায় ভিয়েনায় আন্তর্জাতিক সংস্থাগুলোতে নিযুক্ত রাশিয়ার স্থায়ী প্রতিনিধি মিখাইল উলিয়ানভ বলেছেন, ইতিবাচক ফলাফল অর্জনের একমাত্র পথ হলো আন্তরিক কূটনীতি। ইরানের জাতীয় সম্প্রচার সংস্থার বরাতে পার্সটুডে জানিয়েছে, মিখাইল উলিয়ানভ সামাজিক যোগাযোগমাধ্যম `এক্স,-এ লিখেছেন, ”ইরান কয়েক দশক ধরে মার্কিন নিষেধাজ্ঞার আওতায় রয়েছে। ট্রাম্পের প্রথম প্রেসিডেন্ট মেয়াদেই তেহরান দেখিয়েছে যে, `সর্বোচ্চ চাপ, নীতির বিরুদ্ধে প্রতিরোধ করার সক্ষমতা তার রয়েছে।„ তিনি আরও বলেন, ”ওয়াশিংটন যদি সত্যিই তার যে-কোনো লক্ষ্য অর্জন করতে চায়, তাহলে তারা ভুল পথ বেছে নিয়েছে। ইতিবাচক ফলাফল কেবল আন্তরিক কূটনীতির মাধ্যমেই অর্জন করা সম্ভব। যুক্তরাষ্ট্র যত দ্রুত এই বাস্তবতা উপলব্ধি করবে, ততই মঙ্গল।„
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৮.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## `ভারতের জবাব না পাওয়া অবধি প্রধানমন্ত্রী ভারত সফরে যাবেন না,

শেখ হাসিনা ও অন্যান্য পলাতক আসামিদের ফিরিয়ে দেয়া ইস্যুতে ভারতের জবাব না পাওয়া পর্যন্ত বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ভারত সফরে যাবেন না বলে জানিয়েছেন তার প্রেস সচিব সালেহ শিবলী। ডয়চে ভেলেকে শুক্রবার একথা বলেন তিনি। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ২৩ থেকে ২৫ আগস্ট ভারত সফর করতে পারেন বলে বার্তাসংস্থা রয়টার্সের প্রকাশিত একটি প্রতিবেদন প্রসঙ্গে দৃষ্টি আকর্ষণ করলে প্রেসসচিব সালেহ শিবলী বলেন, ``শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক অপরাধীদের ফেরত পাঠাতে এবং শরীফ ওসমান হাদী হত্যাকাণ্ডে অভিযুক্তদের বাংলাদেশের কাছে হস্তান্তর করতে ভারতীয় কর্তৃপক্ষের কাছে যে অনুরোধ করা হয়েছেতার জবাব না পাওয়া অবধি প্রধানমন্ত্রীর ভারত সফরের ব্যাপারে সিদ্ধান্ত হয়নি।'' রয়টার্সের প্রতিবেদনে প্রকাশিত তারিখে কোনো সফর হবে না বলেও নিশ্চিত করেছেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৮.২০২৬ রনি)

## কলকাতার হোটেলে অগ্নিকাণ্ডঃ শনাক্ত সাত বাংলাদেশির দেহ হস্তান্তরের প্রক্রিয়া শুরু

বুধবার রাতে কলকাতার মির্জা গালিব স্ট্রিটের হোটেলের অগ্নিকাণ্ডে যে নয় ব্যক্তি প্রাণ হারান তাদের মধ্যে সাতজন বাংলাদেশের নাগরিক। এদের মধ্যে কুষ্টিয়ার বাসিন্দা দেবাশীষ দত্ত, তার স্ত্রী আফসানা শারমিন, ছেলে স্বর্ণশীষ দত্ত এবং আফসানার বাবা মহম্মদ আক্রম আলীকে আগেই শনাক্ত করা হয়। শনাক্ত করা হয় ঢাকার আমিনবাজারের আহমেদ বাবুকেও। এর পরে আরো দুইজনকে শনাক্ত করা হয়েছে। সাতক্ষীরার এসও এম আলিমুজ্জামান এবং ওই অঞ্চলেরই রেবতী সরকার ওই রাতে মারা যান। রেবতী সরকারের ছেলে এবং মেয়ে অনীক সরকার এবং তৃষা সরকার ভারতে তার সঙ্গে এলেও হরিদ্বার বেড়াতে যাওয়ার কারণে সেইদিন হোটেলে ছিলেন না। তারা ফিরে এসে দেহ হস্তান্তর প্রক্রিয়া শুরু করেছেন। অনীক ডিডাব্লিউকে জানিয়েছেন, তার মায়ের শেষকৃত্য তারা কলকাতাতেই করবেন। তিনি বলেন, আত্মীয়স্বজনরা বললেন এখানেই দাহ করতে। আমরা সেরকমই করব। এর জন্য প্রয়োজনীয়ও কাগজপত্র, পাসপোর্ট এবং ভিসার নথি আমরা জমা দিয়েছিলাম। আমরা অনুমতি পেয়েছি।কলকাতার বাংলাদেশ ডেপুটি হাই কমিশনের অফিস সূত্রে জানানো হয়েছে, শুক্রবারই তারা মরদেহগুলি বাংলাদেশে পরিজনদের হাতে তুলে দিতে চান। তারা জানিয়েছেন, তাদের তরফ থেকে প্রয়োজনীয় কাজ শেষ। এই মুহূর্তে পুলিশের তরফে কয়েকটি আইনি কাজ চলছে। সেটা হয়ে গেলেই তারা মৃতদেহগুলি বাংলাদেশে পাঠানোর ব্যবস্থা করবেন। বুধবার মধ্যরাতে আগুন লাগে এই হোটেলটিতে। মারা যান নয়জন। উদ্ধার করা হয় ৮০ জনকে। এই ঘটনার পরে অগ্নি নির্বাপণসহ একাধিক বিষয় নিয়ে প্রশ্ন উঠেছে। ফরেন্সিক দল পুলিশকে জানিয়েছে, একটি প্লাগ পয়েন্ট থেকে একাধিক রেফ্রিজারেটর চালানো হচ্ছিল ওই হোটেলে। হয়নি ফায়ার অডিটও। শিখা ইন নামে ওই হোটেলে ছিল না ফায়ার একজিট, অগ্নি নির্বাপণের কোনো ব্যবস্থা। ওই দিন রাতে যারা মারা গেছেন তাদের মধ্যে দুই জন ভারতীয় নাগরিক।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৮.২০২৬ রনি)

## আজ ২১ আগস্ট, গ্রেনেড হামলার ২২ বছর

২০০৪ সালের ২১ আগস্ট তৎকালীন বিরোধীদলীয় নেতা শেখ হাসিনার সমাবেশে চালানো গ্রেনেড হামলায় ২৪ জন নিহত এবং শতাধিক নেতা-কর্মী আহত হন। নিহত ব্যক্তিদের মধ্যে ছিলেন আওয়ামী লীগ নেত্রী আইভি রহমান। ১৪

বছর পর এ সংক্রান্ত মামলার (হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইন) মামলার রায় দেন বিচারিক আদালত। ২০১৮ সালের ১০ অক্টোবর ঘোষণা করা সেই রায়ে বিএনপির সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ১৯ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়। এছাড়া তারেক রহমানসহ ১৯ জনকে যাবজ্জীবন এবং বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেয়া হয় অন্য ১১ জনকে। ২০২৪ সালের ৫ আগস্ট গণ-আন্দোলনের মুখে শেখ হাসিনার সরকারের পতন হয়। ২০২৪ সালের ১ ডিসেম্বর হাইকোর্ট সেই রায় বাতিল করে সবাইকে খালাস দেন। পরের বছর রাষ্ট্রপক্ষের আপিল খারিজ করে খালাসের রায় বহাল রাখেন আপিল বিভাগ। তৎকালীন প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন ছয় সদস্যের আপিল বিভাগ ২০২৫ সালের ৪ সেপ্টেম্বর সর্বসম্মতভাবে ওই রায় দেন। আপিল বিভাগের রায়ে বলা হয়, ডেথ রেফারেন্স খারিজ, আসামিদের আপিল মঞ্জুর এবং বিচারিক আদালতের দোষী সাব্যস্ত করা ও দণ্ডাদেশ বাতিল করে হাইকোর্ট যে রায় দিয়েছেন, তা ন্যায়সংগত। তথ্যপ্রমাণ, পারিপার্শ্বিক পরিস্থিতি ও আইনি দিক পর্যালোচনা করে হাইকোর্টের সিদ্ধান্তে কোনো দুর্বলতা বা বেআইনি কিছু পাওয়া যায়নি। ২১ আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় মতিঝিল থানায় হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইনে দুটি মামলা হয়। তখন মামলার তদন্ত নিয়ে নানা বিতর্ক উঠেছিল। ২০০৭ সালে এক-এগারোর পটপরিবর্তনের পর তত্ত্বাবধায়ক সরকারের সময় মামলা দুটির (হত্যা ও বিস্ফোরক) তদন্ত নতুনভাবে শুরু হয়। ২০০৮ সালে সিআইডি হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইনের দুই মামলায় ২২ জনকে আসামি করে আদালতে পৃথক দুটি অভিযোগপত্র দেয়। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার আমলে, এরপর ২০১১ সালের ৩ জুলাই সম্পূরক অভিযোগপত্র দিয়ে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানসহ আরও ৩০ জনকে আসামি করা হয়। ২০১৮ সালের ১০ অক্টোবর ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ মামলা দুটির রায় দেন। রায়ে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ১৯ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। তারেক রহমানসহ ১৯ জনের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেওয়া হয়। আরও ১১ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছিল। সম্পূরক অভিযোগপত্রের ভিত্তিতে পরিচালিত বিচারকে অবৈধ ঘোষণা করে ২০২৪ সালের ১ ডিসেম্বর হাইকোর্ট বিচারিক আদালতের রায় বাতিল করেন। এর ফলে সব আসামি খালাস পান। হাইকোর্টের পূর্ণাঙ্গ রায়ে বলা হয়েছিল, নিহত ব্যক্তিদের প্রতি ন্যায়বিচারের জন্য এই হত্যাকাণ্ডের সুষ্ঠু ও স্বাধীন তদন্ত প্রয়োজন। যথাযথ ও বিশেষজ্ঞ সংস্থার মাধ্যমে নতুন করে তদন্তের পদক্ষেপ নিতে মামলাটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো উচিত বলেও পর্যবেক্ষণ দেওয়া হয়েছিল। আপিল বিভাগ হাইকোর্টের এই পর্যবেক্ষণ প্রত্যাহার করেন। একই সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে আদেশের অনুলিপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানোর অংশটি বাতিল করা হয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৮.২০২৬ রনি)

## ঢাবি ছাত্রী হলে প্রবেশের সময় বাড়ানোর প্রস্তাব প্রত্যাখ্যান

ছাত্রী হলে প্রবেশের সময়সীমা এক ঘণ্টা বাড়ানোর প্রস্তাব প্রত্যাখ্যান করে আন্দোলন আরো জোরদার করার ঘোষণা দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল বৃহস্পতিবার বেগম রোকেয়া হলের সামনে এক সংবাদ সম্মেলনে `অবরোধবাসিনী' প্ল্যাটফর্ম থেকে এ ঘোষণা দেওয়া হয়। প্রস্তাবিত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্তকে চলমান আন্দোলনের সঙ্গে `উপহাস' হিসেবে উল্লেখ করে আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নারীদের সাংবিধানিক ও মানবাধিকারের লঙ্ঘন করে এমন একটি পশ্চাৎপদ নিয়ম বহাল রেখেছে। অবরোধবাসিনীর অন্যতম নেতা অদিতি ইসলাম বলেন, ``নারীদের বিরুদ্ধে এই পশ্চাৎপদ নিয়মটি ব্রিটিশ উপনিবেশবাদের একটি বড় ক্ষত, যা আমরা এখনো বয়ে বেড়াচ্ছি। এটি নারীদের নয়, বরং কর্তৃপক্ষকে রক্ষা করার জন্য তৈরি করা হয়েছিল।'' তিনি বলেন, ``ঐতিহাসিকভাবে এই ধরনের বিধিনিষেধ নারীদের রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ থেকে বিরত রাখতে ব্যবহৃত হয়েছে। ব্রিটিশবিরোধী আন্দোলন যখন তুঙ্গে, তখন নারীদের যোগদানে বাধা দিতেই এই সান্ধ্য আইন জারি হয়।'' এমন বিধিনিষেধ সত্ত্বেও বড় রাজনৈতিক আন্দোলনগুলোতে নারীদের অংশগ্রহণের বেশ কয়েকটি উদাহরণ তুলে ধরে অদিতি ইসলাম বলেন, ``লীলা নাগ রোকেয়া হল থেকেই ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করেছিলেন, রওশন আরা বাচ্চু হলের প্রাচীর টপকে ১৯৫২ সালের ভাষা আন্দোলনে যোগ দিয়েছিলেন এবং মালেকা বেগম হলের গেট ভেঙে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে অংশ নিয়েছিলেন।'' অদিতি ইসলাম আরো বলেন, ``ছাত্রীদের নিরাপত্তা দেওয়ার জন্য এই নিয়মটি কোনোভাবেই প্রণীত হয়নি। বরং, এটি পিতৃতন্ত্রের ছদ্মবেশী একটি অস্ত্র, যা সমাজে নারীদের বুদ্ধিবৃত্তিক, রাজনৈতিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিকভাবে সম্মিলিত অংশগ্রহণের জায়গা সংকুচিত করে দেয়।'' এক বিবৃতিতে ছাত্রী হলে রাত ১০টা থেকে ১১টা পর্যন্ত প্রবেশের সময়সীমা বাড়ানোর প্রস্তাব প্রত্যাহার করে ২৪ ঘণ্টা প্রবেশের সুযোগ দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানায় অবরোধবাসিনী। একইসঙ্গে ক্যাম্পাসে যে-কোনো সময় ছাত্রীদের নিরাপত্তার পূর্ণ দায়িত্ব বিশ্ববিদ্যালয়কে নেওয়ার দাবিও জানানো হয়। গত ২৭ জুলাই থেকে তিনটি অভিন্ন দাবিতে তিনটি আলাদা প্ল্যাটফর্মের অধীনে শিক্ষার্থীরা আন্দোলন করে আসছেন। দাবিগুলো হলো : রাত ১০টা থেকে সকাল ৬টার মধ্যে ছাত্রী হলে প্রবেশে নিষেধাজ্ঞার নিয়ম বাতিল করা; ছাত্রীদের নারী আত্মীয়দের হলে প্রবেশের অনুমতি দেওয়া, অনাবাসিক শিক্ষার্থী ও অন্য হলের শিক্ষার্থীদের বৈধ পরিচয়পত্র দেখিয়ে যেকোনো হলে প্রবেশের সুযোগ দেওয়া এবং অনুমতিক্রমে রাত যাপনের ব্যবস্থা করা। এর আগে সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি ছাত্রীদের হলে

প্রবেশের সময়সীমা এক ঘণ্টা অর্থাৎ রাত ১০টা থেকে বাড়িয়ে ১১টা করার সুপারিশ করে। তিনটি প্ল্যাটফর্মের নেতারাই এই সুপারিশ প্রত্যাখ্যান করে বলেন, ছাত্রী হলে অবাধ প্রবেশের যে দাবি তারা জানিয়েছিলেন, এটি তার কোনো সমাধান দিতে পারেনি। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এই সুপারিশ কার্যকর করতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের অনুমোদন প্রয়োজন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### রাষ্ট্রপতি হিসেবে শপথ নিলেন মির্জা ফখরুল

দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে তাকে শপথবাক্য পাঠ করান ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমানসহ মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য, কূটনীতিক, রাজনৈতিক নেতা ও বিভিন্ন শ্রেণি-পেশার বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। এর আগে, আজ জুমার নামাজের পর রাজধানীর শেরেবাংলা নগরে বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দীর্ঘ ৩৫ বছর পর বৃহস্পতিবার (২০ আগস্ট) দেশে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে বিএনপি মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং ১১ দলীয় জোট সমর্থিত প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ প্রতিদ্বন্দ্বিতা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### ভারতের জবাবের অপেক্ষায় ঢাকা, তারেক রহমানের সফর চূড়ান্ত হয়নি

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর নিয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। শুক্রবার (২১ আগস্ট) সংবাদমাধ্যম রয়টার্সকে এমন তথ্য জানিয়েছেন তারেক রহমানের প্রেস সচিব এ এ এম সালেহ। এর আগে ভারতীয় গণমাধ্যমের খবরে দাবি করা হয়, তারেক রহমান আগামী ২৩ থেকে ২৫ আগস্ট নয়াদিল্লি সফর করবেন। তবে ঢাকার পক্ষ থেকে বলা হয়েছে, সফরের বিষয়ে এখনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটি তারেক রহমানের প্রথম নয়াদিল্লি সফর হওয়ার কথা। ফেব্রুয়ারিতে দায়িত্ব নেওয়ার পর গত কয়েক সপ্তাহ ধরে বাংলাদেশ ও ভারত সফরটি নিয়ে আলোচনা চালিয়ে আসছে। ২০২৪ সালে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হয়ে ভারতে আশ্রয় নেওয়ার পর দুই দেশের সম্পর্কে টানাপোড়েন তৈরি হয়। সেই সম্পর্ক স্বাভাবিক করতেও ঢাকা ও নয়াদিল্লির মধ্যে আলোচনা চলছে। রয়টার্সকে তারেক রহমানের প্রেস সচিব এ এ এম সালেহ বলেন, সফর নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। তিনি জানান, শেখ হাসিনা ও অন্যান্য পলাতক আসামিদের প্রত্যর্পণের বিষয়ে ভারতের জবাবের অপেক্ষায় রয়েছে ঢাকা। এদিকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল শুক্রবার নিয়মিত সংবাদ সম্মেলনে তারেক রহমানের সফর নিয়ে কোনো মন্তব্য করেননি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিতে যাচ্ছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার শপথ অনুষ্ঠানে যোগ দিতে বঙ্গভবনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা ৬টা ৫০ মিনিটের দিকে প্রধানমন্ত্রীর গাড়িবহর বঙ্গভবনে প্রবেশ করে। এ সময় বঙ্গভবনের মূল ফটকে নিরাপত্তার দায়িত্বে থাকা সদস্যদের সতর্ক অবস্থানে দেখা যায়। পরে প্রধানমন্ত্রীকে বহনকারী গাড়ি বঙ্গভবনের ভেতরে প্রবেশ করে। এদিকে, রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানকে কেন্দ্র করে বঙ্গভবন ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অতিরিক্ত সদস্য মোতায়েনের পাশাপাশি অনুষ্ঠানস্থলে প্রবেশের ক্ষেত্রেও নেওয়া হয়েছে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা। শপথ অনুষ্ঠানে সরকারের মন্ত্রী, রাজনৈতিক দলের শীর্ষ নেতা, তিন বাহিনীর প্রধান, বিভিন্ন দেশের কূটনীতিকসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিরা উপস্থিত রয়েছেন। সংবিধান অনুযায়ী, জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার নতুন রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করাবেন। শপথ নেওয়ার পর আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেবেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এর আগে বৃহস্পতিবার (২০ আগস্ট) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত রাষ্ট্রপতি নির্বাচনে ২৫৫ ভোট পেয়ে নির্বাচিত হন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ পান ৮৮ ভোট। একই দিন মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে নির্বাচন কমিশন। গত ২৪ জুলাই রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করলে এ পদটি শূন্য হয়। পরে সংবিধান অনুযায়ী স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব নেন। আর ডেপুটি স্পিকার কায়সার কামাল স্পিকারের দায়িত্ব পালন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### হামের উপসর্গ নিয়ে প্রাণ গেলো আরও ৩ শিশুর

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে তিন শিশুর মৃত্যু হয়েছে। এ সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ৯৪০ শিশু। শুক্রবার (২১ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও তিন শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মৃত্যু হয়েছে মোট ৮২৯ শিশুর। একই সময়ে হামে আক্রান্ত হয়ে আরও ৯৯ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গে এই সময়ে মোট ৯২৮ শিশু মারা গেছে। এদিকে, গত ২৪ ঘণ্টায় ৮৪টি শিশু হামে আক্রান্ত হয়েছে। এ সময়ে হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৮৭৬। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## ৭ শর্ত পূরণ না হলে বদলির আবেদন করতে পারবেন না এমপিওভুক্ত শিক্ষকরা

বেসরকারি এমপিওভুক্ত স্কুল-কলেজের শিক্ষকদের বদলির আবেদন শুরু হয়েছে। শুক্রবার (২১ আগস্ট) বেলা ১১টা থেকে অনলাইনে আবেদন নেওয়া শুরু হয়েছে, চলবে ২৭ আগস্ট পর্যন্ত। তবে নির্দিষ্ট ৭ শর্ত পূরণ না হলে সংশ্লিষ্ট শিক্ষক বদলির জন্য আবেদন করতে পারবেন না। আবেদন শুরুর পর বদলির জন্য নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশ করলেই এসব শর্ত ও নির্দেশনা দেখা যায়। বদলির আবেদনে যে ৭ শর্ত

১. একজন শিক্ষক সর্বোচ্চ ৩টি প্রতিষ্ঠানে বদলির জন্য আবেদন করতে পারবেন।

২. নিজ বিভাগ ক্যাটাগরিতে আবেদন করার ক্ষেত্রে নিজ জেলায় ৩টি বা তার বেশি প্রতিষ্ঠানে পদ শূন্য থাকলে বিভাগীয় বদলির জন্য আবেদন করতে পারবেন না।

৩. `নিজ জেলা, অথবা `নিজ জেলা ও নিজ বিভাগ, ক্যাটাগরিতে আবেদন করার ক্ষেত্রে বর্তমান কর্মস্থল ও নিজ জেলা একই হলে আবেদন করা যাবে না।

৪. `স্পাউসের (স্বামী অথবা স্ত্রী) কর্মস্থল, ক্যাটাগরিতে আবেদন করার ক্ষেত্রে বর্তমান কর্মস্থল এবং স্বামী/ স্ত্রীর কর্মস্থল একই জেলায় হলে আবেদন করা যাবে না।

৫. `স্পাউসের (স্বামী অথবা স্ত্রী) নিজ জেলা, ক্যাটাগরিতে আবেদন করার ক্ষেত্রে বর্তমান কর্মস্থল এবং স্বামী/ স্ত্রীর নিজ জেলা একই হলে আবেদন করা যাবে না।

৬. আবেদন করার জন্য বর্তমান চাকরির মেয়াদ কমপক্ষে দুই বছর পূর্ণ হতে হবে। চাকরির মেয়াদ ২ বছর পূর্ণ না হলে বদলির জন্য আবেদন করা যাবে না।

৭. যেসব শিক্ষক বদলিযোগ্য নন, তারা বদলির জন্য আবেদন করতে পারবেন না। এসব শর্ত পূরণ না হলে সংশ্লিষ্ট ক্যাটাগরিতে বদলির আবেদন করার সুযোগ থাকবে না। আবেদন করার আগে আগ্রহী শিক্ষকদের তথ্য ও যোগ্যতা যাচাই করে নিতে বলা হয়েছে। বদলি আবেদন শুরুর বিষয়টি সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান এসপি ইন্টারন্যাশনাল নিশ্চিত করেছে। প্রতিষ্ঠানটি জানিয়েছে, নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশ করে মোবাইলে পাঠানো ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে শিক্ষকেরা আবেদন করতে পারবেন। আবেদনের আগে সংশ্লিষ্ট শিক্ষককে নিজের তথ্য ও যোগ্যতা যাচাই করে নিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## তারেক রহমানের সফর নিয়ে বিবৃতি প্রত্যাহার করলো ভারতের রাষ্ট্রপতি ভবন

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন নয়াদিল্লি সফরের বিষয়ে তথ্য প্রকাশের এক ঘণ্টারও কম সময়ের মধ্যে সেই বিবৃতি প্রত্যাহার করেছে ভারতের রাষ্ট্রপতি ভবন। শুক্রবার (২১ আগস্ট) দুপুর ২টার দিকে রাষ্ট্রপতি ভবন থেকে একটি সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে জানানো হয়েছিল, বাংলাদেশি প্রধানমন্ত্রীর আনুষ্ঠানিক অভ্যর্থনার মহড়ার কারণে শনিবার (২২ আগস্ট) রাষ্ট্রপতি ভবনে নিয়মিত `চেঞ্জ অব গার্ড, অনুষ্ঠান হবে না। `নো চেঞ্জ অব গার্ড সেরিমনি দিস স্যাটারডে, শিরোনামের ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, বাংলাদেশের প্রধানমন্ত্রীর আনুষ্ঠানিক অভ্যর্থনার পূর্ণাঙ্গ মহড়ার কারণে শনিবার রাষ্ট্রপতি ভবনের ফোরকোর্টে চেঞ্জ অব গার্ড অনুষ্ঠান অনুষ্ঠিত হবে না। এরপর বিকেল ৩টার দিকে রাষ্ট্রপতির কার্যালয় নতুন একটি বিবৃতি পাঠিয়ে আগের বিজ্ঞপ্তি প্রত্যাহারের কথা জানায়। নতুন বিবৃতিতে বলা হয়, ২১ আগস্ট ২০২৬ তারিখে প্রকাশিত নো চেঞ্জ অব গার্ড সেরিমনি দিস স্যাটারডে শীর্ষক সংবাদ বিজ্ঞপ্তিটি প্রত্যাহার করা হলো। ভারতে রাষ্ট্রীয় সফরে যাওয়া বিদেশি রাষ্ট্রপ্রধান ও গুরুত্বপূর্ণ অতিথিদের জন্য রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিক অভ্যর্থনার আয়োজন করা হয়। এটি ভারতের গুরুত্বপূর্ণ সামরিক ও কূটনৈতিক ঐতিহ্যের অংশ। রাষ্ট্রপতি ভবনের ফোরকোর্টে আয়োজিত এ অনুষ্ঠানে তিন বাহিনীর সদস্যদের নিয়ে গঠিত গার্ড অব অনার, জাতীয় সংগীত পরিবেশন এবং ভারতের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে সফরকারী নেতার আনুষ্ঠানিক পরিচয়পর্ব থাকে। সাধারণত এমন আনুষ্ঠানিক অভ্যর্থনার এক দিন আগে পূর্ণাঙ্গ পোশাকে মহড়া অনুষ্ঠিত হয়। সফরকারী নেতার সম্মানে পরে রাষ্ট্রপতি ভবনে নৈশভোজেরও আয়োজন করা হয়ে থাকে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## ভারত সফর হতে হবে সমমর্যাদা-সমতার ভিত্তিতে: ডা. শফিকুর রহমান

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর ডা. শফিকুর রহমান বলেছেন, প্রধানমন্ত্রী সারা বিশ্ব সফর করতে পারেন। বাংলাদেশের পার্শ্ববর্তী দেশ ভারত সফর করতেও কোনো অসুবিধা নেই। তবে সেই সফর হতে হবে সমতা, সমমর্যাদা

ও বন্ধুত্বের ভিত্তিতে। বাংলাদেশের মানুষ আর কারও আধিপত্যবাদ মেনে নেবে না। শুক্রবার (২১ আগস্ট) দুপুরে রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে জামায়াতে ইসলামীর সদস্য (রোকন) সম্মেলনে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, এ দেশের মানুষ ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ, সমমর্যাদার ও সমতার ভিত্তিতে সম্পর্ক চায়। আমরা কারও আধিপত্য মেনে নিতে প্রস্তুত নই। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান একই সঙ্গে সরকারপ্রধান ও দলীয় প্রধান। তিনি চাইলে দেশে চলমান চাঁদাবাজি, দুর্নীতি ও ঘুস বাণিজ্যের টুঁটি চেপে ধরতে পারেন। তিনি চাইলে এসব বন্ধ করা সম্ভব। এখন বড় বিষয় হলো, তিনি এসব বন্ধ করতে চান কি না। জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, জামায়াতে ইসলামী এ দেশের মানুষের কাছে একটি আদর্শিক সংগঠনের নাম। মানুষের এই আস্থা অর্জনের জন্য সংগঠনটি দীর্ঘদিন ধরে মানুষের মাঝে ইসলামের দাওয়াত এবং আদর্শ সমাজ ও রাষ্ট্র গঠনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আগামী স্থানীয় নির্বাচন প্রসঙ্গে জামায়াত আমির নেতাকর্মীদের জনমানুষের পাশে দাঁড়িয়ে তাদের ভোটাধিকার নিশ্চিত করতে কাজ করার নির্দেশ দেন। তিনি বলেন, কেউ যেন মানুষের ভোটাধিকার ছিনিয়ে নিতে না পারে, সে ব্যাপারে আমাদের নেতাকর্মীদের সোচ্চার ভূমিকা পালন করতে হবে। রাজশাহী মহানগরী জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইমাজ উদ্দিন মণ্ডলের সঞ্চালনায় সম্মেলনে সভাপতিত্ব করেন রাজশাহী মহানগরী জামায়াতে ইসলামীর আমির ড. মাওলানা কেরামত আলী এমপি। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## বর্তমান শিক্ষাব্যবস্থা দিয়ে সমাজ-মানুষের কল্যাণ নিশ্চিত হচ্ছে না

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েম বলেছেন, বর্তমান শিক্ষাব্যবস্থা দিয়ে মানুষ শিক্ষিত হয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী কিংবা উদ্যোক্তা হতে পারলেও সমাজ ও মানুষের প্রকৃত কল্যাণ নিশ্চিত হচ্ছে না। তাই শিক্ষাব্যবস্থায় আমূল পরিবর্তনের পাশাপাশি নৈতিক শিক্ষার ওপর গুরুত্ব দিতে হবে। কোরআন-হাদিসসহ ধর্মীয় মূল্যবোধে যে নৈতিকতার শিক্ষা রয়েছে, তা শিক্ষাব্যবস্থার সঙ্গে সমন্বয় করা প্রয়োজন। শুক্রবার (২১ আগস্ট) বিকেলে পটুয়াখালী জেলা শিল্পকলা অ্যাকাডেমি মিলনায়তনে পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশন আয়োজিত এসএসসি পরীক্ষায় এ প্লাস ও এ গ্রেড পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে সাদিক কায়েম বলেন, দেশ থেকে হাজার হাজার কোটি টাকা লুটপাট করা এবং ক্যাম্পাসে আধিপত্যবিরোধী অবস্থান নেওয়ায় আবরার ফাহাদকে রাতভর নির্যাতন করে হত্যা করা ব্যক্তিরাও একসময় মেধাবী শিক্ষার্থী ছিলেন। তারা এসএসসি ও এইচএসসিতে ভালো ফলাফল করেছেন এবং দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছেন। কিন্তু সেই মেধা ও শিক্ষা মানুষের কল্যাণে কাজে লাগাতে পারেননি। বরং তাদের কর্মকাণ্ড মানুষের জন্য অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, সুতরাং আমরা এমন কোনো মানুষ হবো না, যার মাধ্যমে মানুষ আমাদেরকে অভিশাপ দিবে। বরং আমরা এমন হব, যারা তাদের কল্যাণে কাজের আজীবন মানুষ আমাদেরকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। তিনি আরও বলেন, শিক্ষাব্যবস্থায় নৈতিকতা প্রতিষ্ঠা করতে না পারলে এই শিক্ষা জাতির প্রকৃত মুক্তি বয়ে আনবে না। অতীতে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে থাকা অনেক মন্ত্রী, এমপি ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক উচ্চশিক্ষিত হলেও তাদের কর্মকাণ্ডের কারণে মানুষ তাদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে না। বরং তাদের অনেকের কর্মকাণ্ডের জন্য মানুষ ক্ষুব্ধ। তাই শিক্ষার্থীদের এমন শিক্ষা গ্রহণ করতে হবে, যা শুধু ব্যক্তিগত সাফল্য নয়, দেশ ও মানুষের কল্যাণেও কাজে আসে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## ভূমধ্যসাগর থেকে উদ্ধার ২৯ বাংলাদেশির পরিচয় মিলেছে

লিবিয়া থেকে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে গ্রিস যাওয়ার পথে দিকভ্রান্ত হয়ে মিশরের মারসা মাতরুহ উপকূলে পৌঁছানো ২৯ বাংলাদেশি নাগরিকের পরিচয় শনাক্ত করা হয়েছে। তাদের মধ্যে ২৭ জন সুস্থ হয়ে বর্তমানে স্থানীয় পুলিশ হেফাজতে রয়েছেন। অপর দুই বাংলাদেশি নাগরিক এখনো মারসা মাতরুহ জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। এদিকে, জীবিত উদ্ধার হওয়া অভিবাসন প্রত্যাশীদের দেওয়া তথ্য অনুযায়ী, নৌকাটিতে থাকা আরও নয় বাংলাদেশি নাগরিক সাগরে মৃত্যু বরণ করেছেন। তাদের মরদেহ সমুদ্রে ফেলে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন জীবিত উদ্ধার হওয়া সুনামগঞ্জের আব্দুল করিম। জানা গেছে, গত ৩ আগস্ট মানবপাচার চক্রের সহায়তায় লিবিয়ার তবুক এলাকা থেকে একটি নৌকায় করে গ্রিসের উদ্দেশ্যে যাত্রা করেন বাংলাদেশিসহ অভিবাসন প্রত্যাশীরা। ভূমধ্যসাগরে নৌকার ইঞ্জিন বিকল হয়ে যাওয়ার পর এটি দিকভ্রান্ত হয়ে প্রায় ১০ দিন সাগরে ভাসমান থাকার পর গত ১৩ আগস্ট মিশরের মারসা মাতরুহ উপকূলে পৌঁছায়। পরে স্থানীয় আইনশৃংখলা বাহিনীর সদস্যরা অসুস্থ ও অচেতন অবস্থায় বাংলাদেশি নাগরিকদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতির জন বিভাগ ও সমবায় বিভাগে নতুন সচিব

তিন সচিবকে বদলি করেছে সরকার। শুক্রবার (২১ আগস্ট) এ রদবদল এনে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে তিনটি প্রজ্ঞাপন জারি করা হয়। ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব, চুক্তিভিত্তিক) এ জে এম সালাহউদ্দিন নাগরীকে রাষ্ট্রপতির কার্যালয়ের জন বিভাগে সচিব (চুক্তিভিত্তিক) পদে বদলি করা হয়েছে। এছাড়া রাষ্ট্রপতির কার্যালয়ের জন বিভাগের সচিব (চুক্তিভিত্তিক) রফিকুল আই মোহাম্মদকে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব (চুক্তিভিত্তিক) পদে

পদায়ন করা হয়েছে। অন্যদিকে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোহা. শওকত রশীদ চৌধুরীকে ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) পদে পদায়ন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানে তিন বাহিনীর প্রধানরা

নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের শপথ অনুষ্ঠানে যোগ দিতে বঙ্গভবনে প্রবেশ করেছেন বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর প্রধান। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা ৬টা ২৫ মিনিটের দিকে তিন বাহিনীর প্রধান বঙ্গভবনে প্রবেশ করেন। তারা হলেন, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান ভাইস অ্যাডমিরাল খোন্দকার মিসবাহ উল আজীম এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন। শপথ অনুষ্ঠানের মধ্যদিয়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীর দেশের নতুন রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেবেন। রাষ্ট্রপতি একই সঙ্গে সংবিধান অনুযায়ী সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। রাষ্ট্রপতি হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের শপথ নেওয়াকে কেন্দ্র করে বঙ্গভবন ও আশপাশের এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। শপথ অনুষ্ঠানে যোগ দিতে সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, রাজনৈতিক নেতা, সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিরা বঙ্গভবনে উপস্থিত হচ্ছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## পয়সা নাই তো চিকিৎসা পাবেন না, এমন পরিস্থিতি থেকে বের হতে হবে

ঢাকা উত্তর সিটি করপোরেশনে জামায়াতে ইসলামী মনোনীত মেয়র প্রার্থী মোহাম্মদ সেলিম উদ্দিন বলছেন, সাধারণ মানুষ সরকারি হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসাসেবা ও পরীক্ষা-নিরীক্ষা যথাযথভাবে পাচ্ছে না। এছাড়া অর্থের অভাবে অনেক মানুষ বেসরকারি হাসপাতালে উচ্চমূল্যের চিকিৎসা ও পরীক্ষা করাতে পারছে না। তিনি বলেন, পয়সা দিলে সব ঠিক, পয়সা নাই তো চিকিৎসা পাবেন না— এমন পরিস্থিতি থেকে মানুষকে বের করে আনতে হবে। চিকিৎসাকে মানুষের মৌলিক অধিকার হিসেবে নিশ্চিত করতে হবে। শুক্রবার (২১ আগস্ট) মিরপুর-২ এলাকার ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প ও ওষুধ বিতরণ কর্মসূচিতে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সেলিম উদ্দিন বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে সারা বছর বিভিন্ন স্থানে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়, যেন অসচ্ছল ও নিম্নআয়ের মানুষ বিনামূল্যে চিকিৎসাসেবা পেতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## আপনার সঙ্গে কাজ করতে উন্মুখ হয়ে আছি: মির্জা ফখরুলকে ভারতের রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের নবনির্বাচিত রাষ্ট্রপতিকে অভিনন্দন জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। প্রতিবেশী দেশের রাষ্ট্রপতি জানান, বাংলাদেশের রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছেন তিনি। শুক্রবার (২১ আগস্ট) বঙ্গভবনে নবনির্বাচিত রাষ্ট্রপতির শপথগ্রহণ অনুষ্ঠানের পর ভারতের রাষ্ট্রপতির পক্ষ থেকে এক বিবৃতিতে এ অভিনন্দন জানানো হয়। বিবৃতিটি প্রকাশ করা হয়ে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের ভেরিফায়েড ফেসবুক পেজে। ওই বিবৃতিতে বাংলাদেশের রাষ্ট্রপতির উদ্দেশ্যে ভারতের রাষ্ট্রপতি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে আপনার দায়িত্বভার গ্রহণ উপলক্ষে আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাই। আমি নিশ্চিত যে, আপনার দীর্ঘ জনজীবন ও রাজনৈতিক নেতৃত্বের অভিজ্ঞতা বাংলাদেশের জনগণের সেবায় একটি সফল সময়ের সূচনা করবে। বিবৃতিতে ভারতের রাষ্ট্রপতি বলেন, ভারত ও বাংলাদেশের মধ্যে এক অনন্য সম্পর্ক বিদ্যমান, যার মূলে রয়েছে ত্যাগের অভিন্ন ইতিহাস, ঘনিষ্ঠ সাংস্কৃতিক বন্ধন এবং বন্ধুত্বের উষ্ণ সম্পর্ক। সম্প্রতি জ্বালানি, প্রযুক্তি, সংযোগ, যুব বিষয়ক, স্বাস্থ্য এবং শিক্ষার মতো বিভিন্ন ক্ষেত্রে ক্রমাগত আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক প্রসারিত হয়েছে। শেষে তিনি বলেন, আমাদের দুই প্রতিবেশী দেশের মধ্যে অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে আমি আপনার সঙ্গে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি। মহামান্য, আপনার অব্যাহত সুস্বাস্থ্য ও সুখ, আপনার দায়িত্বের সফল সম্পাদনা এবং বাংলাদেশের জনগণের অব্যাহত অগ্রগতি ও সমৃদ্ধির জন্য আমার আন্তরিক শুভেচ্ছা নেবেন। এর আগে, দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বঙ্গভবনের দরবার হলে তাকে শপথবাক্য পাঠ করান ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীরা কে কোন মন্ত্রণালয় পাচ্ছেন

মন্ত্রিসভার আকার বেড়েছে। নতুন করে চারজন মন্ত্রী ও দুজন প্রতিমন্ত্রী যুক্ত হয়েছেন। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় বঙ্গভবনে তাদের শপথ পড়ান রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান, এম রশিদুজ্জামান মিল্লাত, জাতীয় পার্টির চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থ

এবং বান্দরবান থেকে নির্বাচিত সংসদ সদস্য সাচিং প্রু জেরী। অন্যদিকে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন হুমায়ুন কবির, যিনি প্রতিমন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা, এবং গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকন। নতুন ছয় সদস্য যুক্ত হওয়ায় বর্তমানে প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৫৩ জনে। এর মধ্যে ২৮ জন মন্ত্রী ও ২৫ জন প্রতিমন্ত্রী। নতুন দায়িত্ব পাওয়া ছয় সদস্যের মধ্যে কে কোন মন্ত্রণালয় ও বিভাগের দায়িত্ব পাচ্ছেন, তা নিয়ে আলোচনা চলছে। জানা গেছে, নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের দপ্তর বণ্টন করে শিগগির মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হবে। একই সঙ্গে কয়েকজন মন্ত্রী ও প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন করা হতে পারে। আবদুল মঈন খানকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হতে পারে। এম রশিদুজ্জামান মিল্লাত পেতে পারেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব। সে ক্ষেত্রে বর্তমান মন্ত্রী আফরোজা খানম রিতাকে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সাচিং প্রু জেরীকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হচ্ছে বলে জানা গেছে। অন্যদিকে, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপনকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা করার কথা রয়েছে। প্রতিমন্ত্রী শামীম কায়সার লিংকন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হুমায়ুন কবির পররাষ্ট্র মন্ত্রণালয়ে দায়িত্ব পেতে যাচ্ছেন। চলতি বছরের ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে বিএনপি। শুরুতে প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার আকার ছিল ৫০ সদস্যের। এর মধ্যে ২৫ জন মন্ত্রী ও ২৪ জন প্রতিমন্ত্রী। এরপর ১২ মার্চ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী হাফিজ উদ্দিন আহমদ ও ভূমি প্রতিমন্ত্রী কায়সার কামাল মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। একই দিনে হাফিজ উদ্দিন আহমদ স্পিকার এবং কায়সার কামাল ডেপুটি স্পিকার নির্বাচিত হন। হাফিজ উদ্দিনের পদত্যাগের দিনই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পান আহমেদ আযম খান। অন্যদিকে, ভূমি প্রতিমন্ত্রীর দায়িত্ব পান পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দীন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## কর্ণফুলীতে ৫৭৪ গ্যাস সিলিন্ডার আত্মসাৎ, কক্সবাজারে দুই আসামি গ্রেফতার

চট্টগ্রামের কর্ণফুলীতে ৫৭৪টি গ্যাস সিলিন্ডার ও একটি ট্রাক আত্মসাতের মামলায় কক্সবাজার থেকে দুই আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের কাছ থেকে গ্যাস সিলিন্ডার বিক্রির ৩ লাখ ৫ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে কক্সবাজারের উখিয়া থেকে প্রায় ২০ লাখ টাকা মূল্যের ট্রাকটি উদ্ধার করা হয়। গ্রেফতাররা হলেন কুমিল্লার লালমাই এলাকার মো. আল আমিন (২৫) ও চট্টগ্রামের আনোয়ারা উপজেলার মো. মাহিন খান (২৩)। বৃহস্পতিবার (২০ আগস্ট) কক্সবাজারের কলাতলী এলাকার একটি আবাসিক হোটেল থেকে তাদের গ্রেফতার করা হয়। শুক্রবার (২১ আগস্ট) কর্ণফুলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইখতিয়ারউদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। পুলিশ জানায়, কলাতলীর হেলাল রিসোর্ট আবাসিক হোটেলে অভিযান চালিয়ে আল আমিন ও মাহিন খানকে গ্রেফতার করা হয়। তাদের হেফাজত থেকে গ্যাস সিলিন্ডার বিক্রির ৩ লাখ ৫ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে উখিয়া থানাধীন মেসার্স চৌধুরী ফিলিং স্টেশন এলাকায় অভিযান চালায় পুলিশ। সেখান থেকে ট্রাকটি উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## তিনি আর তার দলের কেউ না, বাংলাদেশের: রাষ্ট্রপতিকে নিয়ে তাসনিম জারা

বাংলাদেশের রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে নিয়ে স্মৃতিচারণ করেছেন ডা. তাসনিম জারা। রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়া মির্জা ফখরুলকে নিয়ে তার ভাষ্য-আজ থেকে তিনি আর তার দলের কেউ না, বাংলাদেশের। আমার বিশ্বাস ওনার কর্মকাণ্ডের মধ্য দিয়ে রাষ্ট্রপতি পদটার সম্মান, মর্যাদা আর স্থিতিশীলতা ফিরে আসবে। শুক্রবার (২১ আগস্ট) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এমন মন্তব্য করেন। আজ মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্যার রাষ্ট্রপতি হিসেবে শপথ নিলেন উল্লেখ করে তাসনিম জারা লেখেন, ২০১৮ সালে আমার প্রথম ভোট দেওয়ার সুযোগ হয়। সে বছর নির্বাচনের আগে উনি আমার মতো তরুণ ভোটারদের উদ্দেশ্যে ভিডিও করেছিলেন। শুরু করেছিলেন এভাবে-আপনারা যারা এবারে প্রথম ভোট দেবেন, তাদের আমি কিছু বলতে চাই। তাসনিম জারা লেখেন, মানুষটা সুবক্তা। রাজনীতিতে আসার আগে শিক্ষক ছিলেন, কথা শুনলে সেটা বোঝা যেত। সবাই বলছিল ভোট চুরি হবে। উনি বলেছিলেন-কেন্দ্রে গিয়ে দেখিয়ে দিন আপনারাই দেশের মালিক, ইউ ম্যাটার। ওনার কথা মনে করেই খিলগাঁওয়ে আমাদের কেন্দ্রে গিয়ে ভোট দিয়েছিলাম। সকালেই বুঝতে পারি কত বড় কারচুপি হচ্ছে। এত কিছুর পরও উনি নিজের আসনে জিতেছিলেন। কিন্তু সংসদে যান নাই। কারচুপির ভোটে গড়া সংসদে তিনি বসতে চান নাই। ক্ষমতার চেয়ার পেয়েও শুধু নীতির জন্য তা দূরে ঠেলে দিতে সবাই পারেন না বলে মন্তব্য করেন ডা. তাসনিম জারা। তিনি লেখেন, বরং ক্ষমতার চেয়ার পেতে সব নীতি বিকিয়ে দেন। উনি এখানে অনন্য। যে আওয়ামী লীগ সরকার তাকে শেষ করে দিতে চেয়েছিল, বারবার তাকে জেলে পাঠিয়েছে, তারা পনেরো বছরেও তার নামে দুর্নীতির একটা মামলা দাঁড় করাতে পারেন নাই। কোনোদিন মনে হয় নাই মানুষটা টাকা বানানোর জন্য রাজনীতিতে এসেছেন। স্ট্যাটাসে তাসনিম জারা লেখেন, রাজনীতিতে আসার পর অনেক প্রবীণ মানুষের পরামর্শ চেয়েছি, রাজনীতির ভেতরের এবং বাইরের। স্যারের সঙ্গে যতবার কথা হয়েছে, ওনার রাজনৈতিক জীবনের শিক্ষা নিয়ে জানতে

চেয়েছি। অকপটে সব বলেছেন। কোন বইগুলো পড়া দরকার, নাম বলে দিয়েছেন। নিজের বই দিয়ে দিয়েছেন। আমাদের রাজনীতির অঙ্গনে এমন মানুষ বেশি পাবেন না, যিনি আপনার সাথে বই নিয়ে কথা বলবেন বা আপনাকে বই পড়তে দেবেন। কোন মানুষটা রাজনীতিকে কী মনে করেন, এই ছোট জিনিসগুলোতেই সেটা ধরা পড়ে। আজ তিনি রাষ্ট্রের সর্বোচ্চ পদে বসলেন। এই চিকিৎসক ও তরুণ রাজনীতিবিদ লেখেন, আমাদের রাজনীতির সবচেয়ে বিপজ্জনক মুহূর্ত হচ্ছে ক্ষমতার পালাবদলের সময়। এই পদটা সেই মুহূর্তগুলোর বড় বড় সংকটের কেন্দ্রে ছিল। আবার এই পদটাই কোনো কোনো সময়ে দেশকে স্থিতিশীলতা দিয়েছে। পার্থক্যটা তৈরি হয়েছে চেয়ারে বসা মানুষটার চরিত্র কেমন, তার ওপর। আজ থেকে মির্জা ফখরুল আর তার দলের কেউ না উল্লেখ করে জারা লেখেন, তিনি বাংলাদেশের। আমার বিশ্বাস ওনার কর্মকাণ্ডের মধ্য দিয়ে রাষ্ট্রপতি পদটার সম্মান, মর্যাদা আর স্থিতিশীলতা ফিরে আসবে। মানুষটাকে যতটুকু জেনেছি, আশা রাখতে চাই। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানালেন নতুন রাষ্ট্রপতি

বঙ্গভবনে যাওয়ার আগে বিএনপির প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবর জিয়ারত করলেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২১ আগস্ট) জুমার নামাজের পর জিয়াউর রহমান ও খালেদা জিয়ার কবর জিয়ারত ও কবরে শ্রদ্ধা জানান বলে জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। এদিন বেইলি রোডের স্টাফ কোয়ার্টার জামে মসজিদে জুমার নামাজ পড়েন নবনির্বাচিত রাষ্ট্রপতি। সেখান থেকে দুপুর ১টা ৪৬ মিনিটে সরাসরি আসেন শেরেবাংলা নগরে জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার কবরে। সেখানে পুস্পস্তবক অর্পণ করে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে ফাতেহা পাঠ করেন এবং মোনাজাত করেন। রাজনীতির দীর্ঘ পথচলায় বিএনপি মহাসচিব হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীর এই কবরে বহুবার দলীয় নেতাকর্মী-সমর্থকদের নিয়ে পুস্পমাল্য অর্পণ করেছেন। এ সময় বিএনপি দলীয় সংসদ সদস্য কামরুজ্জামান রতন ও নবনির্বাচিত রাষ্ট্রপতির সহকারি একান্ত সচিব ইউনুস আলী উপস্থিত ছিলেন। এই সময় কবর প্রাঙ্গনে চারপাশে নিরাপত্তা বেষ্টনীর বাইরে দলের নেতাকর্মী-সমর্থকরা মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে হাত নেড়ে শুভেচ্ছা জানান। বৃহস্পতিবার জাতীয় সংসদে ভোটের মাধ্যমে মির্জা ফখরুল ইসলাম আলমগীর দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## ইসলামী যুব আন্দোলনের নেতাকে হত্যা, ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ

নারায়ণগঞ্জের বন্দরে রিকশা গ্যারেজ মালিক ও ইসলামী যুব আন্দোলনের নেতা জাহিদ হাসান বুলবুল হত্যার বিচারের দাবিতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন ইসলামী আন্দোলনের নেতাকর্মীরা। শুক্রবার (২১ আগস্ট) সকাল সাড়ে ৯টা থেকে মহাসড়কের মদনপুর এলাকায় একঘণ্টা অবস্থান নিয়ে তারা বিক্ষোভ শুরু করেন। এসময় বিক্ষোভকারীরা হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত সব আসামিকে দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। প্রায় একঘণ্টা তারা মহাসড়কে থাকার পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের সঙ্গে কথা বলে মহাসড়ক থেকে সরে যাওয়ার অনুরোধ করে। এ বিষয়ে কাঁচপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম শেখ জাগো নিউজকে বলেন, বিক্ষোভকারীরা ঘণ্টাখানেক মহাসড়কে অবস্থান নেওয়ার পর তাদেরকে বুঝিয়ে সরিয়ে দেওয়া হয়েছে। মহাসড়ক এখন স্বাভাবিক রয়েছে। বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জামাল হোসেন বলেন, প্রধান অভিযুক্ত সিফাতকে রাতেই গ্রেফতার করা হয়েছে। আন্দোলনকারীদের বুঝিয়ে মহাসড়ক থেকে সরিয়ে দেওয়ার হয়েছে। বৃহস্পতিবার (২০ আগস্ট) রাত ১০টায় বন্দরের সালেহনগর এলাকায় জাহিদ হাসান বুলবুল (৪৫) নামে এক রিকশা গ্যারেজ মালিককে কুপিয়ে হত্যা করা হয়। নিহত বুলবুল সালেহনগর শাহী মসজিদ এলাকার রাজা মাস্টারের ছেলে এবং ইসলামী আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। এদিকে অভিযোগ রয়েছে সালেহনগর এলাকায় হত্যাকাণ্ডের শিকার বুলবুলকে পেয়ে কিশোর গ্যাং লিডার সিফাত ও তার সঙ্গে থাকা লোকজন মিলে অস্ত্র দিয়ে বুলবুলকে কুপিয়ে গুরুতর আহত করে হামলাকারীরা। পরবর্তীতে স্থানীয়রা তাকে উদ্ধার করে নারায়ণগঞ্জ ১০০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## আটা-তেল-চিনির দাম উর্ধ্বমুখী, সবজি-ডিমেরও বাজার চড়া

বাজারে বোতলজাত ভোজ্যতেলের সরবরাহ কমিয়েছে কোম্পানিগুলো। এরমধ্যে খোলা তেল ও চিনির দাম দ্রুত বাড়ছে। একই সঙ্গে বেড়েছে আটা-ময়দার দামও। অন্যদিকে সবজি, মাছ-মাংস ও ডিমের দাম এখনো উচ্চমূল্যেই আটকে আছে। শুক্রবার (২১ আগস্ট) সকালে রাজধানীর বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বাজার বিশ্লেষণে দেখা যায়, বর্তমানে প্যাকেটজাত আটা প্রতি কেজি ৬৫ টাকায় বিক্রি হচ্ছে। ১৫ থেকে ২০ দিন আগেও এই আটা বিক্রি হয়েছে ৫৫ টাকায়। অর্থাৎ, কেজিতে দাম বেড়েছে ১০ টাকা। একই ভাবে ময়দার দামও বেড়েছে। খোলা ময়দা এখন প্রতি কেজি ৬৫ থেকে ৭০ টাকা এবং প্যাকেটজাত ময়দা কোম্পানিভেদে ৭০ থেকে ৭৫ টাকায় বিক্রি হচ্ছে। চিনির বাজারেও অস্থিরতা দেখা দিয়েছে। খুচরা বাজারে বর্তমানে প্রতি কেজি চিনি ১২০ থেকে ১২৫ টাকায় বিক্রি হচ্ছে। এক সপ্তাহের ব্যবধানে দাম বেড়েছে প্রায় ১০ টাকা। বিক্রেতারা বলছেন, প্যাকেটজাত চিনির দামও বাড়তে

পারে। মালিবাগ বাজারের বিক্রেতা চিশতি বলেন, কয়েকদিনের ব্যবধানে ৫০ কেজির এক বস্তা চিনির দাম ৯০০ থেকে ১ হাজার টাকা পর্যন্ত বাড়িয়েছে ডিলাররা। সামনে প্যাকেটজাত চিনির দামও বাড়তে পারে বলে তারা জানিয়েছেন। এদিকে, বাজারে ভোজ্যতেলের সরবরাহ কমেছে। খুচরা বিক্রেতাদের অভিযোগ, কোম্পানিগুলো দাম বাড়ানোর প্রস্তুতি হিসেবে সরবরাহ কমিয়ে দিয়েছে। ফলে অনেক দোকানেই চাহিদা অনুযায়ী বোতলজাত তেল পাওয়া যাচ্ছে না। তবে বোতলজাত সয়াবিন তেলের দাম এখনো বাড়েনি। প্রতি লিটার ২০০ টাকা দরে বিক্রি হচ্ছে। তবে এরই মধ্যে বেড়েছে খোলা তেলের দাম। বাজারে খোলা সয়াবিন তেল প্রতি লিটার ১৮৫ থেকে ১৯০ টাকায় বিক্রি হচ্ছে। খোলা পাম তেলের দাম প্রতি লিটার ১৬৫ থেকে ১৭০ টাকা। অন্যদিকে, সাম্প্রতিক সময়ে সবজির দাম কিছুটা কমলেও বাজার এখনো স্বস্তিদায়ক নয়। কয়েক সপ্তাহ আগে সরবরাহের ঘাটতির কারণে অনেক সবজির দাম কেজিতে ১০০ টাকা ছাড়িয়ে গিয়েছিল। পরে সরবরাহ বাড়ায় কিছু সবজির দাম কমেছে। বর্তমানে বেশিরভাগ সবজি ৬০ থেকে ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পটোল, পেঁপে ও ঢ্যাঁড়সের দাম তুলনামূলক কম।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে ছাত্র-জনতার বিক্ষোভ

গাজীপুরে কালিয়াকৈরের মৌচাক এলাকায় নিরাপদ সড়ক ও ফুটওভার ব্রিজের দাবিতে ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছে ছাত্র-জনতা। শুক্রবার (২১ আগস্ট) বেলা সাড়ে ১১ টার দিকে জেলার ঢাকা- টাঙ্গাইল মহাসড়কের মৌচাক এলাকায় সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু হয়। আন্দোলনকারীরা জানান, ঢাকা- টাঙ্গাইল মহাসড়কের মৌচাক এলাকায় মহাসড়ক পারাপারের জন্য কোনো ফুটওভার ব্রিজ নেই। যার কারণে পথচারীরা ঝুঁকি নিয়ে সড়ক পারাপার হয়। এছাড়াও শতশত শিক্ষার্থী প্রতিনিয়ত এমন ঝুঁকি নিয়ে পারাপার হয়। এতে হরহামেশাই দুর্ঘটনা ও প্রাণহানির শিকার হন অনেকেই। এমন পরিস্থিতি থেকে রক্ষায় দ্রুত ফুটওভার ব্রিজের দাবি জানান এলাকাবাসী। বিষয়টি নিয়ে একাধিকবার সড়ক বিভাগের কাছে লিখিত দিয়েও কোনো সুফল পাননি ভুক্তভোগীরা। এ ঘটনায় শুক্রবার সকালে শতাধিক ছাত্রজনতা সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন। আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীরা জানান, তারা প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে সড়ক পার হন। এই রোডে বেপরোয়া গাড়ি চলে। এতে অনেকেই দুর্ঘটনার শিকার হয়েছেন। তারা এখানে কার্যকরী পদক্ষেপের পাশাপাশি ফুটওভার ব্রিজ চান। স্থানীয়রা জানান, ব্যস্ততম এই সড়কে ফুটওভার ব্রিজ জরুরি। শতশত শিক্ষার্থীরা প্রতিনিয়ত ঝুঁকি নিয়ে পারাপার হয়। তারা এর প্রতিকার চান। কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইসলাম জানান, সড়ক অবরোধের খবর পেয়ে আমরা ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে দ্রুত বিষয়টি সমাধান করা হচ্ছে। কালিয়াকৈর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এ এইচ এম ফখরুল হোসাইন বলেন, মৌচাক এলাকায় একটি ফুটওভার ব্রিজ প্রয়োজন। দ্রুত সড়ক বিভাগের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## এলপিজির ৯৭ শতাংশই আমদানিনির্ভর

ক্রমে কমে আসছে দেশীয় গ্যাসের মজুত। নতুন অনুসন্ধান কার্যক্রমে গতি না থাকায় আমদানিনির্ভর হচ্ছে এ খাত। তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) প্রাপ্তি কমে যাওয়ায় বাড়ছে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ব্যবহার। তবে দেশে এলপিজির উৎপাদন নামমাত্র। ফলে রান্না থেকে শুরু করে শিল্প ও পরিবহন খাতে ব্যবহৃত এ জ্বালানির প্রায় পুরোটাই নির্ভর করতে হচ্ছে আমদানির ওপর। দীর্ঘমেয়াদি আমদানিনির্ভর জ্বালানি নীতিতে ঝুঁকি দেখছেন সংশ্লিষ্টরা। সমস্যা সমাধানে দেশীয় গ্যাস অনুসন্ধানের ওপর জোর দিয়েছেন তারা। সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের হাইড্রোকার্বন ইউনিটের এনার্জি অ্যান্ড মিনারেল রিসোর্স ডিভিশন থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়, ২০২৪-২৫ অর্থবছরে দেশে মোট সরকারি উৎপাদন ও বেসরকারি আমদানি মিলিয়ে এলপিজির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১৫ লাখ ৯৪ হাজার ৩৩৪ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদন মাত্র ২০ হাজার ৩৮৬ মেট্রিক টন। বিপিসির অনুমোদিত তিন বেসরকারি রিফাইনারির উৎপাদন ২৫ হাজার ১৯১ টন। বিপরীতে বেসরকারি খাতে আমদানি হয়েছে ১৫ লাখ ৪৮ হাজার ৭৫৭ দশমিক ১৩ মেট্রিক টন, যা মোটের ৯৭ দশমিক ১৪ শতাংশ। তথ্য বলছে, ২০২৪-২৫ অর্থবছরে সরকারি প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) ২০ হাজার ৪৫০ টন, বিপিসির অনুমোদিত তিন বেসরকারি রিফাইনারির মধ্যে সুপার পেট্রোকেমিক্যাল ১৯ হাজার ৬১১ টন, অ্যাকুয়া রিফাইনারি ২ হাজার ৮০ টন এবং পারটেক্স পেট্রো ৩ হাজার ৪৯০ টন এলপিজি বাজারে সরবরাহ করে। বেসরকারিভাবে সরবরাহ করা হয় ১৭ লাখ ৬ হাজার ১৯৯ টন। ২০২৩-২৪ অর্থবছরে সরকারি উৎপাদন ছিল ১২ হাজার ৬৪০ মেট্রিক টন। বেসরকারি খাতে আমদানি করা হয় ১৪ লাখ ২৬ হাজার ৮৬০ মেট্রিক টন। ওই বছর মোট সরবরাহ ছিল প্রায় ১৪ লাখ ৩৯ হাজার ৫০০ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদনের অংশ ছিল মাত্র শূন্য দশমিক ৮৮ শতাংশ। বিপরীতে আমদানির অংশ ছিল ৯৯ দশমিক ১২ শতাংশ। অর্থাৎ, ওই অর্থবছরেও দেশের এলপিজি সরবরাহের প্রায় পুরোটাই এসেছে বেসরকারি খাতের আমদানির মাধ্যমে। ২০২২-২৩ অর্থবছরে সরকারি উৎপাদন ১২ হাজার ৬৪০ মেট্রিক টন

এবং বেসরকারি আমদানি ১৪ লাখ ২৬ হাজার ৮৬০ মেট্রিক টন। সে হিসাবে সরকারি উৎপাদনের অংশ শূন্য দশমিক ৮৮ শতাংশ, আর বেসরকারি আমদানির অংশ ৯৯ দশমিক ১২ শতাংশ। ২০২১-২২ অর্থবছরে সরকারি উৎপাদন ছিল ১২ হাজার ৩৬১ মেট্রিক টন। একই সময়ে বেসরকারি খাতে এলপিজি আমদানি হয় ১৫ লাখ ৩১ হাজার ২৩১ মেট্রিক টন। মোট পরিমাণ দাঁড়ায় প্রায় ১৫ লাখ ৪৩ হাজার ৫৯২ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদনের অংশ ছিল মাত্র শূন্য দশমিক ৮০ শতাংশ। আমদানির অংশ ছিল ৯৯ দশমিক ২০ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## আরও দুই বছর ইস্টার্ন রিফাইনারির এমডি থাকছেন শরীফ হাসনাত

দেশের একমাত্র সরকারি রিফাইনারি ইস্টার্ন রিফাইনারি পিএলসিতে (ইআরএল) ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ পেয়েছেন বর্তমান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মো. শরীফ হাসনাত। গতকাল বৃহস্পতিবার (২০ আগস্ট) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কোম্পানি অ্যাফেয়ার্স-৩ শাখার সিনিয়র সহকারী সচিব শাহিনা আক্তারের সই করা চিঠিতে বিষয়টি জানানো হয়। চিঠিতে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) চেয়ারম্যানকে (অতিরিক্ত দায়িত্ব) অনুরোধ করা হয়। বিপিসির ১৯ আগস্ট তারিখের এক পত্রের স্মারক সূত্র হিসেবে উল্লেখ করে ওই চিঠিতে বলা হয়, `ইস্টার্ন রিফাইনারি পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মো. শরীফ হাসনাতকে তার নিয়মিত চাকরি শেষে অবসরোত্তর ছুটি ও তদসংশ্লিষ্ট সুবিধাদি স্থগিতের শর্তে ইআরপিএলসির ব্যবস্থাপনা পরিচালক পদে আগামী ২২ আগস্ট অথবা যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাব অনুমোদিত হয়েছে। নিয়মিত চাকরি থেকে অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে সর্বশেষ মাসে আহরিত শেষ বেতনকে ভিত্তি ধরে চুক্তিভিত্তিক কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণে তার বেতন ভাতাদি নির্ধারিত হবে।, (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## মোহাম্মদপুরে সন্ত্রাসী `চুয়া সেলিম,, জয় ও `বোমা রতন, গ্রেফতার

রাজধানীর মোহাম্মদপুর এলাকায় অভিযান চালিয়ে কিশোর গ্যাং গ্রুপের সদস্যসহ তিন সন্ত্রাসীকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-২)। গ্রেফতার তিন সন্ত্রাসী হলেন- জেনেভা ক্যাম্পের শীর্ষ মাদক কারবারি ও সন্ত্রাসী চুয়া সেলিম, চাঁদ উদ্যানের শীর্ষ কিশোর গ্যাং লিডার মাহী গ্রুপের সেকেন্ড ইন কমান্ড জয় ও রতন ওরফে বোমা রতন। শুক্রবার (২১ আগস্ট) বেলা সাড়ে ১১টায় বছিলা র‍্যাব-২ এর কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান র‍্যাব-২ অধিনায়ক অতিরিক্ত ডিআইজি নয়মুল হাসান। তিনি বলেন, জেনেভা ক্যাম্পের আলোচিত শীর্ষ সন্ত্রাসী ও শীর্ষ মাদক কারবারি ৩৬ মামলায় অভিযুক্ত এবং হত্যা ও মাদকের ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি চুয়া সেলিম গ্রুপের প্রধান মো. সেলিম আশরাফী ওরফে চুয়া সেলিম ওরফে চোরা সেলিমকে গ্রেফতার করা হয়েছে। বিদেশি অস্ত্র ও মাদকসহ রাজধানীর জেনেভা ক্যাম্প থেকে তাকে গ্রেফতার করা হয়। পাশাপাশি মাহী গ্রুপের সেকেন্ড ইন কমান্ড জয়কে চাঁদ উদ্যান থেকে গ্রেফতার করা হয়। এছাড়াও, তালিকাভুক্ত আরেক সন্ত্রাসী মো. রতন ওরফে বোমা রতনকে মোহাম্মদপুরের বিজলী মহল্লা থেকে গ্রেফতার করা হয়েছে। নয়মুল হাসান বলেন, গত ২০ আগস্ট র‍্যাবের নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে র‍্যাব-২ জানতে পারে, জেনেভা ক্যাম্পের এক গোপন আস্তানায় শীর্ষ সন্ত্রাসী ও শীর্ষ মাদক কারবারি, ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি চুয়া সেলিম অবস্থান করছেন। এমন তথ্যের ভিত্তিতে র‍্যাব-২ এর এক আভিযানিক দল বিশেষ অভিযান চালিয়ে মো. সেলিম আশরাফী ওরফে চুয়া সেলিম ওরফে চোরা সেলিমকে একটি ৭.৬৫ বিদেশি পিস্তল, ২ রাউন্ড তাজা গুলি ও ১১০ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করে। দীর্ঘদিন রাজধানীর জেনেভা ক্যাম্প ও পার্শবর্তী এলাকায় মাদক ব্যবসা, ছিনতাই, খুন, মারামারিসহ বিভিন্ন অপরাধের প্রধান নিয়ন্ত্রক ও পৃষ্ঠপোষকতা করে আসছিল এই চুয়া সেলিম। এর আগে গত বছরের ৮ জানুয়ারি ধানমন্ডি থেকে চুয়া সেলিমকে গ্রেফতার করেছিল র‍্যাব-২। এছাড়াও, একই দিনে মোহাম্মদপুরের চাঁদ উদ্যান এলাকায় অভিযান চালিয়ে কিশোর গ্যাং গ্রুপ লমাহি গ্রুপের সেকেন্ড ইন কমান্ড ডাকাতি-ছিনতাই মাদকসহ ১০ মামলায় অভিযুক্ত জয়কে গ্রেফতার করা হয়। জয়সহ মাহি গ্রুপের সদস্যারা দীর্ঘদিন মোহাম্মদপুরের ঢাকা উদ্যান, চাঁদ উদ্যান, নবীনগর এলাকায় ছিনতাই, চাঁদাবাজি, মারপিটে লিপ্ত হয়ে ত্রাস সৃষ্টি করে আসছিলেন। এলাকার ব্যবসায়ী, ভাড়াটিয়া এবং নির্মানকাজ সংশ্লিষ্ট ব্যক্তিরা নিয়মিত তাদের চাঁদাবাজির স্বীকার হতেন। এর আগে চলতি বছরের ২৪ এপ্রিল মোহাম্মদপুর এলাকা থেকে আইনশৃঙ্খলা বাহিনী জয়কে গ্রেফতার করেছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## বন্যাদুর্গতদের মাঝে বিজিবির খাদ্য সহায়তা

যে কোনো দুর্যোগ মোকাবেলায় সর্বোচ্চ পেশাদারিত্ব, আন্তরিকতা ও মানবিকতার সঙ্গে নিরলসভাবে কাজ করে যাচ্ছে খুলনা ২১ বিজিবি ব্যাটালিয়ন। বৃহস্পতিবার (২০ আগস্ট) বিকেলে এরই ধারাবাহিকতায় বেনাপোলের দৌলতপুর বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায় ভারী বর্ষণ ও বন্যায় ক্ষতিগ্রস্ত গরীব ও অসহায় জনসাধারণের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। ২১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাফিজ ইমতিয়াজ আহসান

সরেজমিনে উপস্থিত থেকে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করেন। নদী ভাঙন ও জলাবদ্ধতা কবলিত ৭০টি পরিবারের মাঝে শুকনা খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। প্রদত্ত সহায়তার মধ্যে ছিল চাল, আটা, চিনি, ডাল, সয়াবিন তেল এবং লবণ। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### ঢাবিকে আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে এগিয়ে নিতে গুরুত্ব প্রধানমন্ত্রীর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে সম্মানজনক অবস্থান নিশ্চিত করতে অ্যালামনাইদের সম্পৃক্ত করে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের বৃহৎ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, বিশেষ মর্যাদা প্রদান এবং শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (২০ আগস্ট) সচিবালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে এসব আশ্বাস দেন তিনি। সাক্ষাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাদা দলের আহ্বায়ক, সিন্ডিকেট সদস্য ও মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মো. মোর্শেদ হাসান খান উপস্থিত ছিলেন। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি, বৃহৎ উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি এবং প্রস্তাবিত ২০ বছর মেয়াদি একাডেমিক ডেভেলপমেন্ট প্ল্যান সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম, ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক জোরদারে নেওয়া উদ্যোগ, বিশ্বের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম এবং অ্যালামনাই নেটওয়ার্কিং বৃদ্ধিসহ শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক বিভিন্ন পদক্ষেপ নিয়েও আলোচনা হয়। সাক্ষাতে মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, ২০২৪ সালের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনসহ বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদানের কথা তুলে ধরে বিশ্ববিদ্যালয়কে বিশেষ মর্যাদা দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর সহযোগিতা চান উপাচার্য। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের গবেষণা তহবিল বৃদ্ধি, ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক উন্নয়ন, অ্যালামনাই নেটওয়ার্ক শক্তিশালী করা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা, তৃতীয় ভাষা, জীববিজ্ঞান, জীবপ্রযুক্তি ও রোবোটিক্স বিষয়ে শিক্ষা ও গবেষণার সুযোগ সম্প্রসারণের বিষয়েও প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### চট্টগ্রামে ২৪ ঘণ্টায় ৩০ হাজার ইয়াবাসহ গ্রেফতার ২৫৫

চট্টগ্রাম রেঞ্জের ১১ জেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় ৩০ হাজার ২১০টি ইয়াবা, ৮১ কেজি ২৬ গ্রাম গাঁজা ও অন্যান্য মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। এ সময় ২৫৫ জনকে গ্রেফতার করা হয়েছে। একই সময়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ১৪১ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে। শুক্রবার (২১ আগস্ট) রেঞ্জ পুলিশ পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে গ্রেফতারের বিষয়টি জানানো হয়। এর আগে চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি আবদুল কুদ্দুছ চৌধুরী, পিপিএমের নির্দেশনায় বৃহস্পতিবার (২০ আগস্ট) এসব অভিযান পরিচালনা করা হয়। রেঞ্জ পুলিশের তথ্য অনুযায়ী, ২৪ ঘণ্টায় ২৫০টি অভিযান চালানো হয়। অভিযানে ৩০ হাজার ২১০টি ইয়াবা ট্যাবলেট, ৮১ কেজি ২৬ গ্রাম গাঁজা, ১১৫ লিটার চোলাই মদ, ৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেট, ৪৮ বোতল ভারতীয় মদ, ৩ বোতল বিদেশি মদ ও ৫১ পুরিয়া হেরোইন উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

### ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে নিষিদ্ধ ছাত্রলীগ-যুবলীগের মশাল মিছিল

চট্টগ্রামের ফটিকছড়িতে ২১ আগস্টের গ্রেনেড হামলার প্রতিবাদে নিষিদ্ধ আওয়ামী যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা মশাল মিছিল করেছেন। বৃহস্পতিবার দিবাগত রাত ও শুক্রবার (২১ আগস্ট) উপজেলার লেলাং ইউনিয়ন ও ফটিকছড়ি পৌরসভা এলাকায় পৃথকভাবে এ কর্মসূচি পালন করা হয় বলে স্থানীয় সূত্রে জানা গেছে। স্থানীয়রা জানান, মশাল হাতে মিছিলে আওয়ামী যুবলীগ ও ছাত্রলীগের স্থানীয় নেতাকর্মীরা অংশ নেন। এ সময় তারা বিভিন্ন স্লোগান দেন এবং ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলার প্রতিবাদ জানান। মিছিল থেকে ওই হামলায় নিহতদের স্মরণ এবং ঘটনায় জড়িতদের বিচারের দাবিও জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৮.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### ৩৮ কোটি ৫৭ লাখ টাকার সাপের বিষ জব্দ, আটক ৪

দিনাজপুরের চিরিরবন্দরে প্রায় ৩৮ কোটি ৫৭ লাখ টাকা মূল্যের সাপের বিষ জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের র‍্যাব যৌথ অভিযানিক দল। এ ঘটনায় সংঘবদ্ধ আন্তর্জাতিক চোরাচালান চক্রের চার সদস্যকে আটক করা হয়েছে। শুক্রবার সন্ধ্যা ৬টায় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান দিনাজপুর ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আব্দুল্লাহ আল মঈন হাসান। আটকরা হলেন- চিরিরবন্দর উপজেলার দামুর গ্রামের মোকলেছুর হকের ছেলে মো. জাহাঙ্গীর আলম (৪৩), দিনাজপুর সদর উপজেলার ছোট গুড়গোলা গ্রামের মৃত এ কে এম শহিদুল ইসলামের ছেলে মো. সালাউদ্দিন সানজু (৪১), ফুলবাড়ী উপজেলার তেঁতুলিয়া গ্রামের মৃত আব্দুল মজিদের ছেলে মো. আনিছুর রহমান (৫৫) এবং বিরামপুর উপজেলার কৃন্দনহাট গ্রামের মৃত মোবারকের ছেলে উজ্জ্বল আলী

(৫৪)। বিজিবি সূত্র জানায়, গত ১৩ আগস্ট দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার আমবাড়ী এলাকায় অভিযান চালানো হয়। দিনাজপুর ৪২ বিজিবি, র‍্যাব-১৩ দিনাজপুর ক্যাম্প ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের সমন্বয়ে গঠিত যৌথ অভিযানিক দল এ অভিযান পরিচালনা করে। এ সময় চারজনকে আটক করা হয়। অভিযানে তাদের কাছ থেকে তিনটি কাচের জারে রাখা আনুমানিক ৫ কেজি ৭০০ গ্রাম সাপের বিষ জব্দ করা হয়। পাশাপাশি একটি প্রাইভেটকার, দুটি মোটরসাইকেল, চারটি মোবাইল ফোন ও ছয়টি সিমকার্ড জব্দ করা হয়। উদ্ধারকৃত সাপের বিষ, যানবাহন ও অন্যান্য মালামালের সর্বমোট সিজার মূল্য ৩৮ কোটি ৫৭ লাখ টাকা বলে জানিয়েছে বিজিবি। আটক ব্যক্তিদের প্রাথমিক জিজ্ঞাসাবাদের বরাত দিয়ে বিজিবি জানায়, তারা একটি সংঘবদ্ধ আন্তর্জাতিক চোরাচালান চক্রের সঙ্গে জড়িত। চক্রটি এর আগে বিভিন্ন সময়ে পার্শ্ববর্তী দেশে সাপের বিষ পাচার করেছে বলে প্রাথমিকভাবে তথ্য পাওয়া গেছে। উদ্ধার করা বিষও বিদেশে পাচারের উদ্দেশ্যে পরিবহন করা হচ্ছিল বলে ধারণা করা হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## মন্ত্রিপরিষদ পুনর্বণ্টনে কে কোন মন্ত্রণালয় পাচ্ছেন

নতুনদের মধ্যে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান স্থানীয় সরকার মন্ত্রণালয়, ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থকে তথ্যমন্ত্রী, সাচিং প্রু জেরীকে পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী এবং মোহাম্মদ শামীম কায়সার লিংকনকে ধর্ম প্রতিমন্ত্রী করা হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগের একাধিক সূত্র কালের কণ্ঠকে এ তথ্য নিশ্চিত করেছে। এ ছাড়া বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতকে মন্ত্রণালয়ের পূর্ণ দায়িত্ব দেওয়া হচ্ছে বলে জানা গেছে। এই মন্ত্রণালয়ের মন্ত্রী আফরোজা খানমকে  খাদ্য অথবা কৃষি মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়ার আলোচনা রয়েছে। প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবার পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দায়িত্ব পাচ্ছেন। বর্তমানে সরকারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দায়িত্বে আছেন শামা ওবায়েদ ইসলাম। তিনিও এই পদে থাকবেন বলে জানা গেছে। এদিকে আন্দালিব রহমান পার্থকে তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়ে জহির উদ্দিন স্বপনকে মন্ত্রী মর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা করার আলোচনা চলছে। আরো কয়েকটি মন্ত্রণালয়ে পুনর্বন্টন হতে পারে। আজ শুক্রবার সন্ধ্যায় বঙ্গভবনের ঐতিহাসিক দরবার হলে শপথ নেবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রাষ্ট্রপতির শপথের পরপরই মন্ত্রিসভার নতুন সদস্যদের শপথ হবে। দরবার হলেই মন্ত্রিসভার নতুন সদস্যরা শপথ নেবেন বলে জানা গেছে। মন্ত্রিপরিষদ বিভাগ সূত্র জানিয়েছে, নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের জন্য ছয়টি গাড়ি প্রস্তুত রাখা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## কালো পতাকা নিয়ে নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল

নেত্রকোনার পূর্বধলায় কালো পতাকা হাতে নিয়ে ঝটিকা মিছিল করেছেন নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীরা। শুক্রবার  সকালে নেত্রকোনা-ময়মনসিংহ সড়কের হিরনপুর বাজার এলাকায় এ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলের ১ মিনিট ৫৩ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। নিষিদ্ধ আওয়ামী লীগ, ছাত্রলীগ ও তাদের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের সামাজিক যোগাযোগমাধ্যমের বিভিন্ন আইডি থেকে ভিডিওটি ছড়িয়ে দেওয়া হয়। ভিডিওতে দেখা যায়, পূর্বধলা উপজেলা ছাত্রলীগের সভাপতি সোলাইমান হোসেনের নেতৃত্বে অর্ধশতাধিক নেতা-কর্মী মিছিলে অংশ নেন। তাদের কারও হাতে ছিল কালো পতাকা, আবার কেউ ব্যানার বহন করছিলেন। এ বিষয়ে পূর্বধলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন গণমাধ্যমকে বলেন, নিষিদ্ধ সংগঠনের নেতা-কর্মীদের ঝটিকা মিছিলের বিষয়টি তারা শুনেছেন। ভিডিও পর্যালোচনা ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে মিছিলে অংশ নেওয়া ব্যক্তিদের শনাক্তের চেষ্টা চলছে। তাদের গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে। এ ঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতিও চলছে। স্থানীয় অন্তত চারজন বাসিন্দা নাম প্রকাশ না করার শর্তে জানান, শুক্রবার সকাল পৌনে আটটার কিছুক্ষণ পর হঠাৎ করে বেশ কিছু যুবক একত্র হন। পরে তারা কালো পতাকা হাতে নিয়ে বিভিন্ন স্লোগান দিয়ে মিছিল শুরু করেন। প্রায় পাঁচ মিনিট মিছিল করার পর তাঁরা মোটরসাইকেল, ইজিবাইক ও সিএনজিচালিত অটোরিকশায় করে ঘটনাস্থল ত্যাগ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## শপথ নিলেন ২৩তম রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শপথ গ্রহণের মধ্য দিয়ে রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক পদে দায়িত্ব গ্রহণ করলেন তিনি। শুক্রবার  সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে শপথ গ্রহণ করেন নবনির্বাচিত রাষ্ট্রপতি। নবনির্বাচিত রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামাল। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি। শপথ গ্রহণ অনুষ্ঠানে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি, মন্ত্রিসভার সদস্য, বিদেশি কূটনীতিক, সংসদ সদস্য এবং বেসামরিক ও সামরিক বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## শপথ নিলেন চার মন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন মন্ত্রিসভায় নতুন করে চারজন শপথ নিয়েছেন। শুক্রবার সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে তাদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। নতুন রাষ্ট্রপতি তাদের শপথবাক্য পাঠ করান। শপথ নেওয়া চারজন হলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও নরসিংদী-২ আসনের সংসদ সদস্য ড. আবদুল মঈন খান, বাংলাদেশ জাতীয় পার্টির বিজেপি চেয়ারম্যান ও ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ, বান্দরবানের সংসদ সদস্য সাচিং প্রু জেরী এবং গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকন। তাদের মধ্যে আবদুল মঈন খান, আন্দালিব রহমান পার্থ ও সাচিং প্রু জেরী পূর্ণমন্ত্রী এবং মোহাম্মদ শামীম কায়সার লিংকন প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। এর আগে সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামাল তাকে শপথ পড়ান। রাষ্ট্রপতির শপথের পরপরই নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠিত হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি: রয়টার্সকে প্রেস সচিব

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন তার প্রেস সচিব এ এ এম সালেহ। শুক্রবার তিনি রয়টার্সকে এ তথ্য জানান। এর আগে ভারতীয় সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়, আগামী ২৩ থেকে ২৫ আগস্ট প্রধানমন্ত্রী তারেক রহমান নয়াদিল্লি সফর করতে পারেন। তবে এ বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি বাংলাদেশ।ফেব্রুয়ারিতে দায়িত্ব নেওয়ার পর এটি হবে তারেক রহমানের প্রথম ভারত সফর। ২০২৪ সালে শেখ হাসিনা সরকারের পতনের পর দুই দেশের মধ্যে তৈরি হওয়া টানাপোড়েন কমিয়ে সম্পর্ক স্বাভাবিক করতে কয়েক সপ্তাহ ধরে ঢাকা ও নয়াদিল্লির মধ্যে আলোচনা চলছে। প্রেস সচিব সালেহ শিবলী রয়টার্সকে বলেন, সফর নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। একই সঙ্গে শেখ হাসিনা এবং `অন্যান্য পলাতক অপরাধীকে, ফেরত পাঠানোর বিষয়ে ভারতের প্রতিক্রিয়ার অপেক্ষায় রয়েছে ঢাকা। এদিকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল নিয়মিত সংবাদ সম্মেলনে তারেক রহমানের সফর নিয়ে কোনো মন্তব্য করেননি। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন ছয় মাসের সরকার ভারতের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার চেষ্টা করছে। তবে গত সপ্তাহে ঢাকা ইঙ্গিত দিয়েছিল, প্রধানমন্ত্রীকে ভারত সফরে পাঠানোর আগে আরও অনুকূল কূটনৈতিক পরিবেশ প্রয়োজন। এদিকে ২০২৪ সালের ছাত্র-জনতার আন্দোলনের মুখে বাংলাদেশ ছেড়ে ভারতে চলে যান শেখ হাসিনা। এরপর থেকে তিনি ভারতেই অবস্থান করছেন। তাঁকে দেশে ফেরত পাঠাতে নয়াদিল্লির কাছে একাধিকবার অনুরোধ জানিয়েছে ঢাকা। ভারত জানিয়েছে, তারা বাংলাদেশের প্রত্যর্পণের অনুরোধটি পর্যালোচনা করছে। শেখ হাসিনার বিরুদ্ধে ছাত্র-জনতার আন্দোলন দমনে প্রাণঘাতী অভিযান চালানোর নির্দেশ দেওয়ার অভিযোগ রয়েছে। গত নভেম্বরে তাঁকে অনুপস্থিতিতে মৃত্যুদণ্ড দেওয়া হয়। তবে শেখ হাসিনা অভিযোগ অস্বীকার করে এগুলোকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## সরকারের তিন সচিব পদে রদবদল

তিন সচিব পদে রথ বদল করেছে সরকার।এর মধ্যে মাত্র ১১ দিন আগে কৃষি মন্ত্রণালয় থেকে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগে বদলি হওয়া রফিকুল আই মোহাম্মদকে আবারও নতুন দায়িত্ব দেয়া হয়েছে। চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত এই কর্মকর্তাকে এবার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব পদে বদলি করা হয়েছে। এ ছাড়া পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোহাং শওকত রশীদ চৌধুরীকে ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। আর ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এ জে এম সালাহউদ্দিন নাগরীকে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের সচিব করা হয়েছে। গত ১০ আগস্ট সরকার কৃষি মন্ত্রণালয় ও রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের সচিব পদে পরিবর্তন এনেছিল। সেই সময় চুক্তিভিত্তিক নিয়োজিত কৃষি মন্ত্রণালয়ের সচিব রফিকুল আই মোহাম্মদকে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগে পাঠানো হয় এবং কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সেলিম খানকে পদোন্নতি দিয়ে একই মন্ত্রণালয়ের সচিব করা হয়।অন্যদিকে সেদিন পৃথক প্রজ্ঞাপনে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের তৎকালীন সচিব খান মো. নূরুল আমীনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুলকে হেফাজতের অভিনন্দন

বিএনপির সাবেক মহাসচিব ও সাবেক মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন হেফাজতে ইসলাম বাংলাদেশের আমির আল্লামা মুহিব্বুল্লাহ বাবুনগরী ও মহাসচিব আল্লামা সাজেদুর রহমান। শুক্রবার সংবাদমাধ্যমে পাঠানো বিবৃতিতে তারা এই শুভেচ্ছা জানান। বিবৃতিতে হেফাজত নেতারা আশা ব্যক্ত করে বলেন, রাষ্ট্রপতি হিসেবে তিনি মহান আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস, ন্যায়বিচার,

ইনসাফ ও জনকল্যাণের নীতিকে সমুন্নত রেখে তাঁর সাংবিধানিক দায়িত্ব পালন করবেন। একই সঙ্গে দেশের সংখ্যাগরিষ্ঠ মুসলিম জনগোষ্ঠীর ধর্মীয় অনুভূতি, ইসলামী মূল্যবোধ এবং আলেম-ওলামার মর্যাদা ও অধিকার রক্ষায় তিনি ইতিবাচক ও দায়িত্বশীল ভূমিকা রাখবেন। ইসলাম ও দেশের আলেম-ওলামার সঙ্গে রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ের সম্পর্ক আরও সৌহার্দ্যপূর্ণ ও সুন্দর হবে এবং ধর্মীয় বিষয়ে তাদের মতামত ও পরামর্শ যথাযথ গুরুত্ব পাবে বলে আমরা আশা করি। হেফাজত নেতারা আরও বলেন, আমরা বিশ্বাস করি, রাষ্ট্রপতি হিসেবে তার দায়িত্ব পালনের মাধ্যমে দেশে ন্যায়, শান্তি, পারস্পরিক শ্রদ্ধা, ধর্মীয় সম্প্রীতি ও জনকল্যাণের পরিবেশ আরও সুদৃঢ় হবে। রাষ্ট্রের সার্বভৌমত্ব রক্ষা, বিদেশি আগ্রাসন মোকাবিলায় সাহসী ভূমিকা পালন করবেন। রাজনৈতিক সৌহার্দ্য, সম্প্রীতির বন্ধন তৈরি করতে উদ্যোগী হবেন। আওয়ামী ফ্যাসিবাদী জালেম অপশক্তির মোকাবিলায় অভিভাবক হয়ে কাজ করবেন। আমরা তার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সফলতা কামনা করছি এবং মহান আল্লাহর কাছে দোয়া করি, তিনি যেন দেশ ও জনগণের কল্যাণে রাষ্ট্রপতি হিসেবে যথাযথভাবে দায়িত্বপালন করতে পারেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## কলকাতার অগ্নিকাণ্ডে মৃতদের দেহ বাংলাদেশে ফিরবে কবে- প্রশ্ন স্বজনদের

কলকাতায় একটি হোটেলে আগুনে প্রাণ হারিয়েছেন সাত জন বাংলাদেশি সহ মোট নয় জন। বাংলাদেশি নাগরিকদের মৃতদেহ এখনো দেশে ফিরিয়ে নিয়ে যেতে পারেননি স্বজনরা। দেশে থাকা তাদের পরিবার-পরিজনের কাছে মরদেহ ফিরতে সময় লাগবে বলেই জানাচ্ছে সূত্রগুলো। কলকাতায় বাংলাদেশ উপদূতাবাস সূত্রে বিবিসি বাংলাকে জানানো হয়েছে, এখন পর্যন্ত কলকাতা পুলিশ মৃত ব্যক্তিদের স্বজনদের কাছে মরদেহ হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ছাড়পত্র দেয়নি। পুলিশের ছাড়পত্র পাওয়ার পর, মরদেহ দেশে ফেরত পাঠানোর জন্য তাদের এফআরআরও-এর কাছ থেকে এনওসি বা অনাপত্তি মূলক সার্টিফিকেট নিতে হবে। এরপরই মরদেহ বাংলাদেশে পাঠানো সম্ভব হবে বলে উপদূতাবাস সূত্রগুলো জানিয়েছে। তারা আরও জানিয়েছে, ইতোমধ্যে উপদূতাবাসের পক্ষ থেকে প্রয়োজনীয় সব আনুষ্ঠানিক ও পরিবহন সংক্রান্ত প্রস্তুতি সম্পন্ন করে রাখা হয়েছে। কলকাতার নিউমার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটে 'শিখা ইন' হোটেলে বুধবার রাত দুটো নাগাদ আগুন লাগে। আগুনে খবর পেয়ে শুরুতে কয়েকজন দমকল কর্মী উদ্ধারকাজে আসেন, এরপর একটি স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা দলও তাদের সাথে উদ্ধারকাজে যোগ দেয়। কলকাতা পুলিশ জানায়, আগুনের খবর পাওয়ার পর হোটেল প্রাঙ্গণ থেকে ৬০ জনকে উদ্ধার করা হয়। তাদের মধ্যে নয়জন অচেতন অবস্থায় ছিলেন, যাদের মধ্যে দুইজন নারী ও একটি শিশু রয়েছে। হাসপাতালে নেওয়ার পর চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানালেন নবনির্বাচিত রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার আগে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানাবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার দুপুর ২ টার দিকে রাজধানীর শেরে বাংলা নগরের জিয়া উদ্যানে তাদের সমাধিতে শ্রদ্ধা জানান তিনি। এসময় সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সেখানে দোয়া ও মোনাজাতে অংশ নেন মির্জা ফখরুল। এদিন সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনে দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার কথা রয়েছে তার। এর আগে, গতকাল দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ হয়। এ নির্বাচনে বিএনপি দলীয় প্রার্থী ছিলেন মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করেন জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের অলি আহমদ।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর হস্তক্ষেপে ময়লার ভাগাড় থেকে প্রাণ ফিরছে আদি বুড়িগঙ্গা চ্যানেলে

রাজধানীর আদি বুড়িগঙ্গা চ্যানেলের হারানো নাব্যতা ও স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে দূরানী খাল ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযান শুরু করেছে ঢাকা জেলা প্রশাসন ও স্বেচ্ছাসেবী সংগঠন বিডি ক্লিন। শুক্রবার সেকশন ব্রিজ সংলগ্ন আদি বুড়িগঙ্গা চ্যানেলের অংশে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, প্রধানমন্ত্রী তারেক রহমান আদি বুড়িগঙ্গা চ্যানেল থেকে ময়লার ভাগাড় অপসারণ করে এর পূর্বের রূপ ফিরিয়ে আনার উদ্যোগ নিতে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমকে নির্দেশনা দেন। এরই ধারাবাহিকতায় চ্যানেলটি পরিষ্কার-পরিচ্ছন্ন করা, নাব্যতা ফিরিয়ে আনা এবং দুই পাশে সৌন্দর্যবর্ধনের উদ্যোগ নেওয়া হয়েছে। পরিচ্ছন্নতা অভিযান শুরুর আগে বিডি ক্লিনের সদস্যসহ উপস্থিত অংশীজনদের শপথবাক্য পাঠ করান স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম, ঢাকা-৭ আসনের সংসদ সদস্য হামিদুর রহমান এবং ঢাকা জেলা প্রশাসক ফরিদা খানম।ঢাকার প্রাচীন জলধারাগুলোর অন্যতম আদি বুড়িগঙ্গা চ্যানেলটির দৈর্ঘ্য প্রায় ৩ দশমিক ২ কিলোমিটার। এর প্রায় ১ হাজার ফুট অংশ দূরানী ব্রিজ সংলগ্ন এলাকায় অবস্থিত। দীর্ঘদিন দখল ও বর্জ্য ফেলার কারণে চ্যানেলটির বিভিন্ন অংশ ময়লার ভাগাড়ে পরিণত হয়। এতে পানি প্রবাহ বাধাগ্রস্ত হওয়ার পাশাপাশি দুর্গন্ধ, মশার উপদ্রব ও জলাবদ্ধতার কারণে স্থানীয় বাসিন্দাদের ভোগান্তি বাড়ে। জানা গেছে, ১৯৯০

সালে ঢাকা শহরকে বন্যার হাত থেকে রক্ষার লক্ষ্যে ঢাকা বেড়িবাঁধ নির্মাণ করা হয়। এর পরবর্তী সময়ে আদি বুড়িগঙ্গা চ্যানেলের স্বাভাবিক পানিপ্রবাহ ব্যাহত হতে থাকে। বিভিন্ন অংশে দখল ও বর্জ্য জমে পরিস্থিতি আরও নাজুক হয়ে পড়ে। তবে ২০২২-২৩ অর্থবছরে চ্যানেলটির সংশ্লিষ্ট অংশ দখলমুক্ত করা হয়। বর্তমানে চ্যানেলটিকে পরিবেশবান্ধব ও জনবান্ধব জলাধারে রূপ দিতে নতুন করে উদ্যোগ নেওয়া হয়েছে। ঢাকা জেলা প্রশাসন ও বিডি ক্লিনের যৌথ উদ্যোগে শুরু হওয়া পরিচ্ছন্নতা কার্যক্রমের মাধ্যমে চ্যানেল ও সংলগ্ন এলাকার জমে থাকা বর্জ্য অপসারণ করা হচ্ছে। একই সঙ্গে স্থানীয় জনগণকে চ্যানেল ও খালে বর্জ্য না ফেলার বিষয়ে সচেতন করা হচ্ছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সূত্রে জানা গেছে, পরিচ্ছন্নতা কার্যক্রম শেষ হওয়ার পর আদি বুড়িগঙ্গা চ্যানেলের নাব্যতা ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি চ্যানেলের দুই পাশে সৌন্দর্যবর্ধনের কাজ করা হবে। জনসাধারণের চলাচল ও অবসর সময় কাটানোর সুযোগ তৈরি করতে নির্মাণ করা হবে ওয়াকওয়ে। ফলে একদিকে জলধারাটির পরিবেশগত ভারসাম্য ফিরবে, অন্যদিকে এলাকাটি একটি নান্দনিক ও জনবান্ধব স্থানে পরিণত হবে। পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন করে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেন, ”পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষায় খাল ও নদীগুলোকে ময়লা-আবর্জনামুক্ত রাখা অপরিহার্য। ঢাকা জেলা প্রশাসন ও বিডি ক্লিনের এই যৌথ উদ্যোগ প্রশংসনীয়। আমরা আশা করি, এ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে এবং স্থানীয় বাসিন্দারা এর সুফল ভোগ করবেন।„ ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, চ্যানেল পরিষ্কার করার পাশাপাশি ভবিষ্যতে যাতে এটি পুনরায় দখল ও দূষণের শিকার না হয়, সে বিষয়ে নজরদারি জোরদার করা হবে। স্থানীয় বাসিন্দাদেরও এ উদ্যোগে সহযোগিতা করে চ্যানেল ও খালে বর্জ্য না ফেলার আহ্বান জানানো হয়েছে। সংশ্লিষ্টরা মনে করছেন, পরিচ্ছন্নতা, নাব্যতা পুনরুদ্ধার, সৌন্দর্যবর্ধন ও ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে আদি বুড়িগঙ্গা চ্যানেলটি তার হারানো প্রাণ ফিরে পাবে। একই সঙ্গে দীর্ঘদিনের দুর্গন্ধ, জলাবদ্ধতা ও পরিবেশগত সংকট থেকে স্বস্তি মিলবে স্থানীয় বাসিন্দাদের। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ায় ৮৭ বাংলাদেশিসহ ১১২ অভিবাসী আটক

মালয়েশিয়ার কাজাংয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে ১১২ অভিবাসীকে আটক করেছে দেশটির সেলাঙ্গর ইমিগ্রেশন বিভাগ । বুধবার সকাল ৯টা থেকে পরিচালিত এ অভিযানে `অপস বেলাঞ্জা,, `অপস মিনিয়াক,, `অপস মাহির, ও `অপস সেলেরা, নামে চারটি পৃথক অভিযানে ইমিগ্রেশন বিভাগের ২০ কর্মকর্তা অংশ নেন। সেলাঙ্গর ইমিগ্রেশন বিভাগের উপপরিচালক মোহাম্মদ খুসাইরি কামারুদিন জানান, অভিযানে মোট ১১৪ অভিবাসীর কাগজপত্র ও বৈধতার বিষয়ে যাচাই করা হয়। এর মধ্যে বিভিন্ন ধরনের অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে ১১২ জনকে আটক করা হয়েছে। তিনি বলেন, আটকদের মধ্যে ৮৭ জন বাংলাদেশি, ১৩ জন ইন্দোনেশীয়, পাঁচজন মিয়ানমারের এবং সাতজন পাকিস্তানি নাগরিক। আটকদের বয়স ১৪ থেকে ৫২ বছরের মধ্যে। তাদের মধ্যে ৯৮ জন পুরুষ ও ১৪ জন নারী রয়েছেন। বৃহস্পতিবার দেওয়া এক বিবৃতিতে মোহাম্মদ খুসাইরি বলেন, প্রাথমিক তদন্তে আটক ব্যক্তিদের বিরুদ্ধে ইমিগ্রেশন আইন ১৯৫৯/৬৩-এর ৬(১)(সি) ধারা লঙ্ঘনের অভিযোগ পাওয়া গেছে। এ ধারায় বৈধ কাগজপত্র বা মালয়েশিয়ায় অবস্থানের বৈধ পাস না থাকার বিষয়টি অন্তর্ভুক্ত। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## সমালোচনার মুখে অবশেষে পুনর্গঠিত হচ্ছে র‍্যাব

দীর্ঘ সমালোচনার মুখে অবশেষে, পুনর্গঠিত হচ্ছে-র‍্যাব। তবে, প্রস্তাবিত স্পেশাল রেসপন্স ব্যাটালিয়নের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে গঠন হচ্ছে একটি বহুমুখী অভিযোগ প্রতিকার কমিটি। তবে বিশেষজ্ঞদের মতে, কেবল কাগজে-কলমে আইন প্রণয়ন নয়, নতুন এই বাহিনীর সুফল নির্ভর করবে এর সঠিক ও নিরপেক্ষ বাস্তবায়নের ওপর। গুম, বিচারবহির্ভূত হত্যার মতো নানা বিতর্কিত ঘটনার কারণে দীর্ঘদিন ধরেই সমালোচনার মুখে ছিল র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-র‍্যাব। ৫ আগস্টের পর জোরেশোরে দাবি ওঠে বাহিনীটি বিলুপ্তির। তবে, বিএনপি সরকার গঠনের পর, র‍্যাব পুনর্গঠন করে হচ্ছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-এসআইআরবি। নতুন এই বাহিনীর জবাবদিহিতা নিশ্চিত করতেই সামনে এসেছে এক নতুন বিধান। অতীতের বিভিন্ন আলোচিত ঘটনার পুনরাবৃত্তি রোধে এবং বাহিনীর কার্যক্রমে স্বচ্ছতা আনতে গঠিত হচ্ছে একটি বহুমুখী অভিযোগ প্রতিকার কমিটি। নারায়ণগঞ্জে আলোচিত সাত খুন কিংবা ঝালকাঠিতে লিমনকে গুলি করার মতো ঘটনাগুলো র‍্যাবকে নানা সময় কাঠগড়ায় দাঁড় করিয়েছিল। এমনকি ২০১৮ সালের নির্বাচনকালীন বিভিন্ন বিতর্কও কম আলোড়ন সৃষ্টি করেনি। এসব ঘটনায় বাহিনীর ভূমিকা নিয়ে জনমনে তৈরি হয়েছিল প্রশ্ন। এই প্রেক্ষাপটে নতুন বিধানে প্রতিকার কমিটি গঠনের রূপরেখা দেওয়া হয়েছে। যার বিশ্লেষণ করলে দেখা যায়'দুটি বাহিনীই পুলিশের অধীনে পরিচালিত হলেও, এসআইআরবি বা প্রস্তাবিত বাহিনীতে যুক্ত হচ্ছে স্বতন্ত্র আইন, যেখানে র‍্যাবের স্বতন্ত্র এমন আইন ছিলো না। আর এর মাধ্যমেই জবাবদিহিতার আওতায় আসবে এসআইআরবি। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## তারেক রহমানের সফর নিয়ে দেওয়া বিবৃতি প্রত্যাহার করল ভারত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য দিল্লি সফরের কথা উল্লেখ করে প্রকাশিত একটি প্রেস বিজ্ঞপ্তি জারির এক ঘণ্টারও কম সময়ের মধ্যে প্রত্যাহার করে নিয়েছে ভারতের রাষ্ট্রপতি ভবন। শুক্রবার বিকেলে ভারতের রাষ্ট্রপতির সচিবালয়

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানোর মহড়ার কারণে শনিবার রাষ্ট্রপতি ভবনের ফোরকোর্টে 'চেঞ্জ অব গার্ড' অনুষ্ঠান হবে না। দুপুর ২টা ২৫ মিনিটে ভারতের প্রেস ইনফরমেশন ব্যুরো বিবৃতিটি প্রকাশ করলেও বিকেলের আগেই তা প্রত্যাহার করা হয়। এ বিষয়ে ঢাকা বা দিল্লির কর্মকর্তাদের কাছ থেকে তাৎক্ষণিকভাবে কোনো আনুষ্ঠানিক মন্তব্য পাওয়া যায়নি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য সফর নিয়ে দুই প্রতিবেশী দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে আলোচনার কথা এর আগে জানিয়েছিলেন কর্মকর্তারা। তারা বলেছিলেন, আগস্টের তৃতীয় সপ্তাহে এ সফর হতে পারে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতি কার্যালয়ের নতুন সচিব সালাহউদ্দিন নাগরী

রাষ্ট্রপতি কার্যালয়ে নতুন সচিব নিয়োগ দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। শুক্রবার মন্ত্রণালয়ের উর্ধ্বতন নিয়োগ শাখা-১ থেকে জারি করা প্রজ্ঞাপনে এ জে এম সালাহউদ্দিন নাগরীকে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়। এর আগে তিনি ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। রাষ্ট্রপতির আদেশক্রমে এতে স্বাক্ষর করেছেন সিনিয়র সচিব মো. বরমান হোসেন। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ আছে। প্রজ্ঞাপনের তথ্য অনুযায়ী, ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এ জে এম সালাহউদ্দিন নাগরীকে রাষ্ট্রপতি কার্যালয়ের জনবিভাগ সচিব পদায়ন করা হয়েছে। এছাড়া সরকারের আরও দুই সচিব পদে রদবদল করা হয়েছে। এর মধ্যে কৃষি মন্ত্রণালয় থেকে ১১ দিন আগে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগে সচিব হিসেবে বদলি করা রফিকুল আই মোহাম্মদকে আবারও বদলি করা হয়েছে। চুক্তিভিত্তিতে নিয়োজিত এই কর্মকর্তাকে এখন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব পদে বদলি করা হয়েছে। এ ছাড়া পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোহাৎ শওকত রশীদ চৌধুরীকে ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে। এর আগে ১০ আগস্ট কৃষি মন্ত্রণালয় ও রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের সচিব পদে পরিবর্তন করেছিল সরকার। চুক্তি ভিত্তিতে নিয়োজিত কৃষি মন্ত্রণালয়ের সচিব রফিকুল আই মোহাম্মদকে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগে সচিব করা হয়েছিল। আর কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সেলিম খানকে সচিব পদে পদোন্নতি দিয়ে একই মন্ত্রণালয়ের সচিব করা হয়। অন্যদিকে সেদিন পৃথক প্রজ্ঞাপনে রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের সচিব খান মো. নূরুল আমীনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠান ঘিরে বঙ্গভবন এলাকায় নিরাপত্তা জোরদার

বঙ্গভবনের আশপাশের সড়কগুলোতে গণপরিবহন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। বৃহস্পতিবারই এক গণবিজ্ঞপ্তিতে ঢাকা মহানগর পুলিশ জানিয়েছিল যে, শুক্রবার বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত বঙ্গভবন সংলগ্ন এলাকায় যান চলাচল নিয়ন্ত্রিত অবস্থায় থাকবে। ডিএমপির নির্দেশনা অনুযায়ী, মতিঝিল শাপলা চত্বরের আলিকো গ্যাপ থেকে দিলকুশা বাণিজ্যিক এলাকা ও রাজউক ক্রসিং পর্যন্ত সব ধরনের যানবাহন প্রবেশ নিষিদ্ধ থাকবে। এছাড়া শাপলা চত্বর ও দৈনিক বাংলা থেকে রাজউক-গুলিস্তানগামী গণপরিবহনগুলো দৈনিক বাংলা-ইউবিএল-প্রেস ক্লাব হয়ে চলাচল করবে। প্রয়োজনে এসব বাসকে সুবিধাজনক বিকল্প সড়ক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। এই শপথ অনুষ্ঠানে এক হাজারের বেশি অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানা গেছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুলকে জারদারির অভিনন্দন, পাকিস্তান সফরের আমন্ত্রণ

পাকিস্তানের রাষ্ট্রপতি আসিফ আলী জারদারি বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন। রাষ্ট্রপতি জারদারি আশা প্রকাশ করেন যে, তার নেতৃত্বে বাংলাদেশ আরও অগ্রগতি অর্জন করবে এবং দেশের জনগণের কল্যাণে আরও এগিয়ে যাবে। রাষ্ট্রপতি জারদারি বলেন, অভিন্ন ইতিহাস, ধর্মীয় বিশ্বাস ও সাংস্কৃতিক বন্ধনের ভিত্তিতে পাকিস্তান ও বাংলাদেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। তিনি দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কে ইতিবাচক গতি বৃদ্ধিকে স্বাগত জানান এবং আশা প্রকাশ করেন যে, পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বৃদ্ধি পাবে। তিনি বলেন, পাকিস্তান-বাংলাদেশ সম্পর্ক আরও জোরদার করা এবং দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ ও সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে তিনি রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে কাজ করতে আগ্রহী। পাকিস্তানের রাষ্ট্রপতি জারদারি বাংলাদেশের রাষ্ট্রপতিকে পারস্পরিক সুবিধাজনক সময়ে পাকিস্তান সফরের আমন্ত্রণও জানান। তিনি আশা প্রকাশ করেন, তার এই সফর দুই দেশের সম্পর্ক আরও শক্তিশালী করা এবং সহযোগিতা গভীর করার সুযোগ সৃষ্টি করবে। রাষ্ট্রপতি জারদারি রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের দায়িত্ব সফলভাবে পালনের পাশাপাশি বাংলাদেশের জনগণের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির জন্য শুভকামনা জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

## সৌদি-পাকিস্তান-তুরস্ক সামরিক জোটে বাংলাদেশের সম্ভাব্য যোগদান নিয়ে ভারতের বার্তা

সৌদি আরব, পাকিস্তান ও তুরস্কের সামরিক জোটে বাংলাদেশের যোগদান বিষয়ে নিজেদের অবস্থান পরিষ্কার করেছে ভারত। নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে মুখপাত্র রণধীর জয়সোয়াল জানিয়েছেন, পশ্চিম এশিয়ার পরিস্থিতি তারা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। এ মুহূর্তে এ বিষয়ে আর কিছু বলার নেই। এর আগে ব্রিফিংয়ে এক সাংবাদিক জানতে চান, সৌদি আরব, পাকিস্তান ও তুরস্কের সামরিক জোটে বাংলাদেশ যোগ দিতে পারে' এমন গুঞ্জন নিয়ে ভারতের অবস্থান কী। ওই প্রশ্নের উত্তরে তিনি এমন কথা বলেন। ব্রিফিংয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর এবং ব্রিকস সম্মেলনে তার অংশগ্রহণ নিয়েও প্রশ্ন ওঠে। এ বিষয়ে রণধীর জয়সোয়াল বলেন, `বাংলাদেশের প্রধানমন্ত্রীর বিষয়ে যে প্রশ্নটি করা হয়েছে, সে বিষয়ে আমার আপাতত কিছুই বলার নেই। আমার কাছে কোনো আপডেট থাকলে তা আপনাদের সঙ্গে শেয়ার করব।, গঙ্গা পানি বণ্টন চুক্তির ভবিষ্যৎ নিয়েও ব্রিফিংয়ে প্রশ্ন করা হয়। জবাবে রণধীর জয়সোয়াল স্মরণ করিয়ে দেন, ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা পানি চুক্তির মেয়াদ ৩০ বছর। তিনি বলেন, `ভারত ও বাংলাদেশের মধ্যে নদী-সম্পর্কিত সব বিষয় যৌথ নদী কমিশনের আওতায় আলোচনা হয়। পাশাপাশি গঙ্গা পানি চুক্তির অধীনে যৌথ কমিটির বৈঠকও কারিগরি পর্যায়ে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে।, সাম্প্রতিক সময়ে দুই দেশের কূটনৈতিক যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় তারেক রহমানের ভারত সফর নিয়ে বিভিন্ন মহলে আলোচনা চলছে। শুক্রবার দুপুরেই বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন দিল্লি সফর ঘিরে একটি প্রাতিষ্ঠানিক সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশের এক ঘণ্টার মধ্যেই তা তড়িঘড়ি প্রত্যাহার করে নিয়েছে ভারতের রাষ্ট্রপতি ভবন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৮.২০২৬ আসাদ)

# BBC

**ISRAEL RE-ESTABLISHES CLOSED WEST BANK SETTLEMENT, DEFYING GROWING INTERNATIONAL PROTESTS**

A new generation of Israeli settlers has returned to the settlement of Kadim, in the occupied West Bank, two decades after it was closed by a previous Israeli government. Thirty "pioneer families" had arrived in the settlement on Thursday from Tel Aviv, according to the regional settler’s council, riding a wave of Jewish nationalism driven by Israel's current government. They came in small groups, some under military escort, blue and white Israeli flags fluttering from their cars as they passed Palestinian villages and farmlands. Some dragged trailers loaded with bedding, furniture and building material. Israel government has overturned a 20-year ban on Jewish settlements around Jenin. Palestinian residents are watching the new push on settlement expansion here with fear. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**HONG KONG'S TIANANMEN ACTIVISTS GUILTY IN NATIONAL SECURITY TRIAL**

Two Hong Kong activists who organized annual vigils to commemorate the 1989 Tiananmen Square crackdown have been found guilty of inciting others to subvert state power under the city's controversial national security law. Lee Cheuk-Yan, 69, and Chow Hang-tung, 41, face a maximum penalty of 10 years in prison after being convicted under the China-introduced law. Sentencing is expected at a later date. A third defendant, Albert Ho, 74, pleaded guilty in January. Lee and Chow "invited other persons to organize, plan, commit or participate in acts by unlawful means with a view to subverting the state power", according to a summary on Friday. Chow told the court in May the law itself was on trial. Hong Kong used to be one of the only places in Chinese territory where people could gather to mark the deadly 1989 crackdown against pro-democracy protesters. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**EIGHT KILLED IN PLANE CRASH AT REMOTE ALASKAN MILITARY SITE: AIR FORCE**

A plane crash at a remote US Air Force site in Alaska has killed all eight people on board, the US military has said. The civilian-contracted aircraft crashed shortly after midday local time on Thursday near Cape Newenham, which hosts the airport of a long-range radar site. It is unclear who the passengers were or why they were there, but the US Air Force Alaskan Command chief said they had been "dedicated professionals carrying out a vital mission in a demanding environment". "This is a devastating loss for our military family and the communities we serve," Lt Gen Robert Davis added. "Our absolute priority right now is providing unwavering support to their families, friends and teammates during this devastating time," he said in a statement. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**PANAMA CANAL TO CUT NUMBER OF SHIPS PASSING THROUGH DUE TO EL NINO**

Panama Canal's operation is to cut the number of vessels passing through the key waterway due to low rainfall caused by El Nino. The Panama Canal Authority (ACP) told shipping firms on Thursday that 32 vessels a day will be able to pass through it from 15 September, compared to 36 currently. El Nino, a pattern of periodical sea surface warming, affects

weather systems globally. This year is expected to be particularly strong, with its effects made more intense by climate change. The shipping industry is already dealing with severe disruptions due to the Iran war causing a large reduction in the number of vessels passing through the crucial Strait of Hormuz. The ACP said the measures were being put in place to preserve service reliability and safeguard water resources for human consumption.
(BBC News Web Page: 21/08/26, FARUK)

**BODIES OF TWO HIKERS MISSING FOR DECADES FOUND AFTER SWISS GLACIER MELTS**

The bodies of two Belgian men who went missing in the Swiss Alps in 1992 have been discovered after being exposed by the melting of a glacier, police have said. A hiker discovered the bodies on 26 July on the Trift Glacier, south of the Swiss city of Lucerne, officials said. DNA analysis later confirmed them to be those of two mountaineers who went missing 34 years ago near the Weissmies mountain, police said. They were aged 39 and 41 at the time of their disappearance. Many scientists attribute a rapid retreat in Switzerland's glaciers - which shrunk by a quarter in the decade to 2025, according to Glacier Monitoring in Switzerland (Glamos) - to climate change. Police in Switzerland's Valais region said in a statement that they had organized a recovery operation following the discovery of the two men's bodies and transferred them to a hospital in the canton's capital, Sion, for identification. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**PAKISTAN EX-PM IMRAN KHAN BACK IN JAIL AFTER HOSPITAL EXAMINATION**

Pakistan's former Prime Minister Imran Khan was moved back to prison early on Friday after being examined by doctors at a hospital in Islamabad, who deemed him "medically fit". Khan was seen by "a team of qualified doctors" including an opthalmologist, a cardiologist and a physician, Pakistan's Information Minister Attaullah Tarar said. The Supreme Court had on Tuesday ordered the cricketer-turned-politician be taken to a specific private hospital within 48 hours to be examined by physicians, following complaints about his health. He was ultimately taken to a different government-run hospital. The intervention was the most significant relief Khan has received from the courts since he was imprisoned in 2023 on corruption charges, which he says were politically motivated. As well as being transferred to hospital, the court order also specified Khan should be allowed to see his family, which he has not been able to do in months. On Tuesday night, his sister Noreen Khan visited him in prison. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**GANDHI'S HANDWRITTEN NOTES ON LIFE SOLD FOR $1.69M AT INDIAN AUCTION**

A rare collection of handwritten notes by Indian independence leader Mahatma Gandhi has been sold for $1.69m at an auction in Mumbai city. The notes, owned and preserved by the family of close associate and freedom fighter Anand T Hingorani, include 688 of Gandhi's handwritten messages on truth, non-violence and self-restraint written between 1944 and 1946. Auction house Saffronart said the sale set a record for the highest price paid for an Indian historical document at an auction. Gandhi led India's non-violent struggle against British rule and is fondly known as the father of the nation. But the notes offer a more personal glimpse of the man behind the political leader. Gandhi wrote to Hingorani for around two years after the death of his wife, Vidya, offering him guidance, consolation and encouragement. The messages were later compiled in a book called, A Thought for the Day.
(BBC News Web Page: 21/08/26, FARUK)

**UK, FRANCE, GERMANY, ITALY AND CANADA CONDEMN ISRAEL'S WEST BANK SETTLEMENT PROJECT**

Israel's plans to open up tenders for the construction of some 1,200 settlement homes in a strategically important part of the occupied West Bank have sparked fresh condemnation by major Western powers. In a joint statement, the UK, France, Germany, Italy and Canada called the decision "unacceptable" and urged Israel to "retract the plans immediately". All settlements are illegal under international law and, under international pressure, Israel held off for decades on plans to build in E1 to the east of Jerusalem. Many of its allies and Palestinians argued this development would deal a major blow to hopes of a two-state solution, effectively cutting the West Bank in two and isolating east Jerusalem. In a separate statement, the UN secretary general also said the E1 plan posed an "existential threat" to a contiguous Palestinian state - and so did Belgium's foreign minister. UK Foreign Secretary

Ed Miliband's condemnation earlier on Thursday had drawn "outright" rejection by the Israeli foreign minister. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**EBOLA OUTBREAK 'GROWING FASTER, WIDER' AS DRC DEATH TOLL PASSES 2,500: UN**

The Ebola virus continues spreading "exponentially" in the Democratic Republic of the Congo (DRC), the United Nations has warned. Sounding the alarm that the outbreak is "spreading faster and wider" than ever before, the UN's Senior Ebola Coordinator Julien Harneis reported that more than 2,500 people have now died. The official called for more funds to be put to work to try to control the spread, noting that the existing pool of money will run out within weeks. Efforts to stem the epidemic since the outbreak began in May have faced several challenges. Conflict and a lack of government control and infrastructure in the eastern DRC have disrupted the effort. Where health workers - many of whom have died after contracting the virus - and facilities are able to operate, they have come under attack by frustrated and frightened locals, Harneis said. (BBC News Web Page: 21/08/26, FARUK)

**::--::THE END::--::**